Non-violence is an eternal, not an accidental matter in the history of human civilization. If it were something accidental, Gandhi could not realise it as a means to the truth. Non-violence is a means to the truth for all the religions and philosophies of the world, except the *Cārvāka* . In Harijan, he himself has said that he does not claim to teach any new principle. He only in his own way tried to apply the eternal truths to the daily life and problem.' Again, Gandhi himself says, "I have nothing new to teach the world. Truth and Non-violence are as old as the hills. All I have done is to try experiments in both on as vast a scales as I could. In doing so I have sometimes erred and learnt by my errors. Life and its problems have thus become to me so many experiments. In the practice of truth and non-violenceIn fact it was in the course of my pursuit of truth that I discovered non-violence"² .He says, 'Non-violence is the law of our species"³. He explained more clearly the transition from the notion of truth to the notion of Non-violence and says, "*Ahimsā* and truth are so intertwined that it is practically impossible to disentangle and separate them. They are like the two sides of a coin, or rather a smooth unstamped metallic disc. Who can say, which is the obverse which the reverse? *Ahimsā* is the means, truth is the end. Means to be means must always be within our reach and so *ahimsā* is our supreme duty. If we take care of the means, we are bound to reach the end sooner or later."⁴

The Gandhian theory of non-violence has its root in the philosophical heritage of India. A systematic study on this point will show that its root lies in the classical Indian philosophy-the Vedas and Upanisads, the Yoga, the Jaina, the Buddha, Manu- *Samhita* and the *Vedānta* philosophy.

Let us determine the Gandhian sense of the word '*Ahimsā* '.Gandhi has emphasised certain aspects of '*Ahimsā* ' which have not given that importance by any other believer in *Ahimsā* . This emphasis has emerged a Gandhian sense of the word.

According to Gandhi, the word ‘ *Ahimsā* ’ has both a negative and a positive sense. Usually ‘ *Ahimsā* ’ means non-killing. The negative import of “ *Ahimsā* ” means not causing harm to others in words, deeds and thoughts. So ‘ *Ahimsā* ’ means non-injury. In any sense, ‘ *Ahimsā* ’ is opposite of *himsā* . Gandhi admits this and adds much more to its content. To him, *himsa* means causing pain or killing any life out of anger or with the intention of injury or from a selfish purpose. Absence of doing all these is called *ahimsā* . Non-killing can be divided into two ways—non-killing of human and non-killing of non-human. Non-human may be divided into animals, birds, fishes, worms and insects, plants and inanimate matter. Non-injury includes non-injury of people’s bodies or minds or both as well as non-damaging materials. Indirect non-injury also is equally important. Non-injury includes non-exploitation, equality, justice etc. A man is transformed into an ideal man through the sincere practice of non-violence.

In conceiving *ahimsā* in such a way, Gandhi is supposed to be influenced by Jainism which recommends the practice of *ahimsā* in thought, speech and action. To the Jaina, even thinking ill of others is *himsā* . The Jaina claims that anyone should not cause *himsā* or permit *himsā* to take place. Gandhi’s negative requirements of *ahimsā* are not as rigid as that because Gandhi is aware that it is not possible to observe non-violence in as strict and rigid manner as the Jaina demands. Gandhi knows that in certain cases *himsā* is unavoidable, for instance, in the process of eating, drinking, breathing, walking etc. It is not possible to sustain one’s body without injuring other bodies. So Gandhi recommends killing under certain circumstances. He says’ “Taking life may be a duty. We do destroy as much life as we think necessary for sustaining our body. Thus, for food we take life, vegetable and other, and for health we destroy mosquitoes and the like by the use of disinfectants etc., and we do not think that we are guilty of irreligion in doing so.....for the benefit of the species we kill carnivorous beasts....even man- slaughter may be necessary’ in certain cases. Suppose a man runs amuck and goes furiously about sword in hand, and killing anyone that comes in his way and no one dares to capture him alive. Anyone who despatches this lunatic will earn the gratitude of the community and be regarded as a benevolent man”⁵. For making this point clearer he

says, “ I see that there is an instinctive horror of killing living beings under any circumstances whatever. For example, alternatives have been suggested in the shape of confining even rabid dogs in a certain place and allow them to die a slow death. Now my idea of compassion makes this thing impossible for me. I cannot for a moment bear to see a dog or for that matter any other living being, helplessly suffering the torture of a slow death. I do not kill a human being under this circumstance, because I have more hopeful remedies. I should kill a dog similarly situated because in its case. I am without a remedy. Should my child be attacked with rabbles and there was no helpful remedy to relieve his agony, I should consider it my duty to take his life. Fatalism has its limits. We leave things to fate after exhausting all the remedies. One of the remedies and the final one to relieve the agony of a tortured child is to take his life”⁶. In this way, it is supposed that Gandhi considers it almost a virtue to take life under certain conditions. Hence, Gandhi considered non-injury itself in a slightly different manner.

According to Gandhi, injury to life can be an act of violence only under certain conditions. Anger, pride, hatred, selfishness, bad intention and similar considerations are these conditions. Any harm to life done under these motives is *himsā*. Hence, the negative meaning of *ahimsā* is non-killing or non-injury. So non-violent act is free from anger, malice, hatred and the like.

To Gandhi, the positive aspects of *ahimsā* are much more basic than its negative features. *Ahimsā* is not merely refraining from causing harm to life, it stands for certain positive attitudes towards other living beings and one should cultivate these positive attitudes.

For Gandhi, *ahimsā* represents one of the basic and essential qualities of mankind. This does not imply that *himsā* has no place in life. Even one has to commit *himsā* of one kind or the other in maintaining one’s existence. Even when violence appears to do some good, the good that results is purely temporary. Nothing permanent can be built by violence. Those who have even with sincere and honest motives, ousted the greedy and the dishonest by using brute force against them (violent), have, in their turn, become a prey to those very evil things with which the dishonest persons had suffered. We can know this fact from History.

Ahimsā, after Gandhi, is natural to man. Gandhi illustrates it in various ways. If we search the course of evolution we shall find that although in the initial stage brute force appeared to be dominant the progress of evolution is towards *ahimsā*. In fact, in the case of a species we find that no creature eat or destroy its own offsprings. Particular in the case of a man this fact is more prominent. Man is both body and self. Body indicates physical power and so on occasions, do *himsā* but man's true nature consists in spiritual power. Man as spirit is essentially non-violent. The evidence of this fact is that while body or the senses can be injured the self can never be injured. So *himsā* is not the nature of man of his own. When the spiritual side of man is awakend, the non-violent nature of man becomes apparent.

The positive aspect of *Ahimsā*, after Gandhi, is nothing but love. Love is a type of feeling of oneness. In case of love one identifies with the object of his love and it is not possible if he does not try to free his mind from such type of disposition, which prevents the spontaneous outflow of love. So *ahimsā* claims a sincere attempt to free mind from feelings e.g., hatred, anger, revenge, jealousy, malice etc. for these create disturbance in the path of love. To Gandhi, love is the power that purifies one's inner life and develops him and hence, love includes such noble feelings like compassion, benevolence, tolerance, forgiveness, generosity, sympathy, kindness etc. To love is a very difficult discipline. But it is easy to hate. In case of love, it requires supreme energy and strength. The task becomes still more difficult when one is required to love a person who is ordinarily regarded as an opponent. So non-violence is meant for the strong but not for the weak. This can be shown in a very simple way. Violence is essentially an expression of weakness. An inwardly weak person develops a sort of a fear and out of fear starts arming himself against real or imaginary enemies. Violence may have the appearance of strength. But it is born out of fear and hence it is a sign of weakness. One who has conquered fear can be truly non-violent. The capacity to kill is not a sign of strength; the strength to die for non-violence is the real strength. Only when one has this strength in him he can claim to have risen above fear and is able to practise non-violence. He says, "A helpless mouse is not non-violent because he is always eaten by the pussy. He would gladly eat the murderess if he could"⁷, Again he says, "Nonviolence presup-

poses the ability to strike”⁸ One who is exercising *ahimsā* has the strength to overpower his so-called opponent, and yet he practises *ahimsā* because *ahimsā* is a conscious and deliberate restraint put upon as a desire for vengeance”⁹ In other words, the really strong wins not by brute force, but by fearless love.

Non-violence is regarded as a gospel of action. It is not an attitude of indifference. The seeds of non-violence lie deep in the heart, but they are manifested and given shape in actions. Hence, non-violence is a dynamic process involving continuous and persistent deliberations, strains, efforts and actions. It is true that non-violence needs extreme patience on the part of one who is using this method, but this patience is not a sign of inactivity, it is an expression of a conscious and inner effort to force the so-called opponent to see and realise his own fault.

Therefore, it is said that non-violence involves sacrifice and suffering. Sacrifice is an indispensable companion of love. Love claims a self-transcendence. A selfless person only can love. He can love who only believes in ‘giving’ and not in ‘taking’. Gandhi says, “Love never claims, it ever gives. Love ever suffers, never resents, never revenges itself”¹⁰ It is self-sacrifice and this involves suffering. He says, “The test of love is *tapasyā* and *tapasyā* is self-suffering”¹¹ Gandhi thinks that suffering is the surest way of getting victory in the battle of life. If we quietly suffer and give time to the opponent for his anger to calm down, he will then come to realise his mistake. One presupposition of conscious suffering is that there must be a ‘love’ for even the opponent and also a faith in the essential goodness present in him. Without this suffering would be in vain. For this reason suffering is conceived as our aspect of love. The essence of love, after Gandhi, is not enjoyment, it is suffering.

The non-violent man does not bend, it is the opponent who has to bend. And he practises forgiveness in the maximum degree and in the process the opponent is almost put to shame.

Ahimsā can be practised universally. According to Gandhi, *ahimsā* can be practised by all-children, young men, women and grown up people of all places and times and even by societies or nations. In connection with the practice of *ahimsā* there is a supreme condition. If one has no living and in-flinching faith in

God, *ahimsā* cannot be practised. An inner strength is necessary for the practice of *ahimsā* and this strength can only be generated by a living faith in God. A sincere faith in God will make man see that all human beings are fellow-beings and essentially one. In this way, the love of God would turn into a love of humanity, and this love of humanity alone can make possible the practice of *ahimsā*. It is a result of the realisation of the unity of mankind that one will be able to love his fellow-beings. Therefore, the most fundamental condition for the practice of *ahimsā* is faith in God.

It has been mentioned already that the traditional concept of *ahimsā* is a basis for Gandhi's concept of it, though he has widened the concept. Gandhi's principle of *ahimsā* comes from Indian philosophical tradition which has its root in the Vedas. Most of the hymns of the Vedas and Upanisads are full of a feeling of loving, kindness, non-hatred, righteousness towards all. In the Vedas the people prayed to God Indra to instill in them fearlessness from all, from friend, foe, known, unknown, day and night. Fearlessness, after Gandhi, is one of the qualities of a non-violent person. The description in the Vedas very clearly states that in the ancient days of the Vedas non-violence is practised in the real sense of the term. Recitation of some of the verses of the Upanisads was a part of Gandhi's daily prayer. These verses are mainly from the *Bṛhadāraṇyaka*, the *Chhāndogya*, the *Is'a*, the Kama and the Mundaka Upanisads. These Upanisads greatly influenced Gandhi's Philosophy. The Upanisads lend a strong support to *ahimsā*.

Non-violence is the most important concept of Buddhism. Gandh's attachment to *ahimsā* can be traced to Buddhism. Buddha thought of eliminating the sufferings of all. So he had well wishes for all the beings. The idea of welfare of all generates the principle of *ahimsā*. Buddha wanted men to be free from greed, anger and self-glorification. For this reason he enriched the concept of *ahimsā* by making it the result of love and compassion. Buddha considered it to be a positive virtue, not a negative one. Buddha preached that in order to achieve the social welfare one should give up the feelings like harming others, killing, telling a lie, hatred etc. For a happy social life, *ahimsā* is a basic thing to be followed by everybody. When *ahimsā*, after Buddha, is practised one comes to know the true

feeling of love and happiness and this happiness turns to *nirbāna* .

Gandhi considered *ahimsā* to be one of the powerful weapons in the fight against the opponents. The practicability of this strong weapon was demonstrated by him in the freedom movement. But Gandhi was confident that one can adopt the principle of non-violence at every level for it is the only means to reach the truth.

Now we can conclude that non-violence was essentially a negative concept. Gandhi changed it to a positive concept of love in practical sense which is implied in Buddhism. Non-violent attitude cannot be attained all on a sudden. It is a slow and steady process.

According to Gandhi, non-violence is not a personal virtue or religious concept. The classical Indian philosophies, except Buddhism, accepted the principle of *ahimsā* for the attainment of individual liberation. But Gandhi applied it for the attainment of social and political freedom. He applied it as a means of social change. Gandhi's most important contribution to the concept of non-violence is the theory of social transformation. He brought a change in the method of revolution in society and in the art of governing a nation.

Infact, mostly wanted world-peace to-day is possible if Gandhi's theory of *ahimsā* is applied sincerely in every sphere of human society. Hence Gandhi has a great contribution for bringing harmony and peace in the world. So it is implied that national and international integration also may be generated with the application of this theory.

Lastly, the concept of *ahimsā* is generally an ideal in classical Indian philosophy and religion. It is a matter of great strange that Gandhi with a firm belief in this theoretical ideal made it practically applicable in this modern age also.

NOTES AND REFERENCES

1. *Harijan*, 28th March, 1936
2. N.K. Bose, '*Selections from Gandhi*' P. 13
3. *Young India*, August 11, 1920
4. N.K. Bose, '*Selections from Gandhi*' , pp. 13-14
5. *Young India*, 4.11.26
6. *Young India*, 18.11.26
7. *Harijan*, July 20, 1935
8. *Young India*, 12.8.1926
9. *Young India* , 12.8.1926
10. *Young India*, 9.7.25
11. *Young India*, 12.6.22

মার্কসীয় নীতিতত্ত্ব

অরণ্য মাহাত

পাশ্চাত্য দর্শনের ইতিহাস বিশ্লেষণ করে আমরা এইটুকু বুঝি যে, দর্শন অনুসন্ধানের কোন সুনির্দিষ্ট বিষয়বস্তু নাই। প্রাচীন গ্রীকেরা সমস্ত জ্ঞানবিজ্ঞানকে দর্শনের অন্তর্ভুক্ত করেই দেখেছেন। মোটামুটিভাবে বলা যায়, দর্শনের কাজ হল সমস্ত জ্ঞানবিজ্ঞানের মধ্যে ঐক্যসূত্র স্থাপন করা এবং সেই সমস্ত জ্ঞানবিজ্ঞানকে মানুষের জীবনের সাথে যুক্ত করে দেখা। যেহেতু দর্শনের সুনির্দিষ্ট কোন বিষয়বস্তু নাই, সেহেতু যাঁরা অতিবিখ্যাত দার্শনিক তাঁরা সবাই মহাকাব্যরূপ দর্শনতত্ত্ব রচনা করেছেন। তাঁদের দর্শনতত্ত্বের মধ্যে রয়েছে আধিবিদ্যকতত্ত্ব, জ্ঞানতত্ত্ব, নীতিতত্ত্ব, সমাজতত্ত্ব, নন্দনতত্ত্ব ইত্যাদি। দর্শনতত্ত্বের এই পাশ্চাত্যধারা গ্রীক দার্শনিক প্লেটো থেকে শুরু করে জার্মান দার্শনিক হেগেল পর্যন্ত নিরবচ্ছিন্ন গতিতে প্রবাহিত। অতঃপর আর কোন দার্শনিককে দর্শনতত্ত্ব রচনায় তেমন আগ্রহী হতে দেখা যায় না। হেগেল পরবর্তী যুগের দার্শনিকরা স্থানে স্থানে দর্শনতত্ত্ব রচনা করেছেন। এখন প্রশ্ন হল, তাহলে হেগেলের মধ্যেই কি দর্শনতত্ত্ব রচনার পাশ্চাত্যধারার পরিসমাপ্তি? অনেকেই বলবেন 'না'। হেগেল পরবর্তী অন্তঃত আর একজন দার্শনিক আছেন, যিনি শেষবারের মতো দর্শনতত্ত্ব রচনা করেছেন এবং তিনি হলেন জার্মান দার্শনিক কার্ল মার্কস।

মার্কসের প্রতিভার বহুমুখী পরিচয় পাওয়া যায়। তার মধ্যে অন্যতম পরিচয় হল তিনি একজন দার্শনিক। তবে তিনি দর্শনকে কখনোই কেবলমাত্র তত্ত্বের মধ্যে সীমাবদ্ধ রাখতে চাননি। তিনি চেয়েছিলেন দর্শনের বাস্তবিক প্রয়োগ। সারাজীবন ধরে তিনি এমন দার্শনিক তত্ত্বের অনুসন্ধান করে গেছেন, যে তত্ত্বকে প্রয়োগ করে সমাজস্থ প্রতিটি মানুষ প্রকৃত সমগ্র মানুষের মর্যাদা লাভ করবে। “মার্কসের চিন্তা অনেক বেশী বিমুক্ত ও নমনীয়”^১ (open-ended and flexible)। মার্কসের চিন্তা এককথায় মার্কসবাদ নামে পরিচিত, একটি দার্শনিক তত্ত্বও বটে। মার্কস তো দর্শনের ছাত্রই ছিলেন। প্রথম জীবনে ডক্টরেট ডিগ্রি লাভের জন্য তিনি যে গবেষণা পত্রটি রচনা করেছিলেন তার বিষয়বস্তু ছিল প্রাচীন গ্রীক দার্শনিক এপিকিউরাস এবং ডেমোক্রিটাসের চিন্তাধারা। প্রাচীন গ্রীক দর্শন ছাড়াও তিনি আধুনিক ও সমকালীন পাশ্চাত্য দর্শনের সাথে গভীরভাবে পরিচিত হন। সমকালীন দার্শনিকদের মধ্যে হেগেলের দর্শনের প্রতি তিনি একদিকে ইতিমূলক এবং অপরদিকে সমালোচনাত্মক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেন।^২ লক্ষ্য করলে বোঝা যায়, তার দার্শনিক তত্ত্বের মধ্যে যে প্রকার যুক্তিবিজ্ঞান রয়েছে তা হেগেলের দ্বন্দ্বমূলক ভাববাদের এক অভিনব ব্যাখ্যা ও

রূপান্তর। মার্কসের যুক্তিবিজ্ঞান দ্বন্দ্বমূলক বস্তুবাদ নামে পরিচিত। মার্কসের দ্বন্দ্বমূলক বস্তুবাদ কোন বিমূর্ত বৌদ্ধিক তত্ত্ব নয়। একে তিনি সমাজ বিপ্লবের মূল চালিকা শক্তি হিসাবে আবিষ্কার করেন। অতএব বলা যায়, মার্কসের দ্বন্দ্বমূলক বস্তুবাদ হল একধারে তত্ত্ব ও প্রয়োগ। আবার এই মার্কসীয় তত্ত্ব ও তত্ত্বের প্রয়োগ-এই উভয় ক্ষেত্রেই মার্কসের ঐকান্তিক সহযোগী ছিলেন তাঁরই অভিহিত বন্ধু ফ্রেডরিক এঙ্গেলস। সমাজ বিপ্লব সম্পর্কে তাঁদের মতামতের মধ্যে কোনরূপ অমিল ছিল না। তত্ত্বের দিক থেকেও এঙ্গেলস মার্কসের দ্বন্দ্বমূলক বস্তুবাদকে মেনে নেন এবং এই তত্ত্বের তাত্ত্বিক ভিত্তি নির্মাণে মার্কসের সহযোগী লেখক হিসাবেও আত্মপ্রকাশ করেন। অতএব এ বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই যে, মার্কসবাদ একাধারে তত্ত্ব ও প্রয়োগ। আবার মার্কসীয় তত্ত্ব ও তার প্রয়োগের বিভিন্ন দিক রয়েছে। আমরা বর্তমান প্রবন্ধে মার্কসীয় নীতিতত্ত্ব এবং এই নীতিতত্ত্বের বাস্তবিক প্রয়োগ নিয়ে আলোচনায় আগ্রহী।

অবশ্য মার্কসীয় দর্শনে নীতিতত্ত্বের ধারণা নিয়ে মার্কসীয় ভাষ্যকারেরাই সম্পূর্ণরূপে দ্বিধাবিভক্ত। একদল বলেন, মার্কসীয় দর্শনে প্রচলিত নীতিতত্ত্বের ধারণাগুলির তীব্র সমালোচনা করা হাড়া নিজস্ব নীতিতত্ত্বের ধারণার তেমন কোন মূল্য নাই। এরা আসলে বলতে চান, মার্কসীয় দর্শনের আসল উদ্দেশ্য হল পুঁজিবাদী সমাজব্যবস্থার ধ্বংস সাধন করা এবং প্রাথমিক পর্যায়ে বিশেষ সমাজতাত্ত্বিক সমাজব্যবস্থার প্রবর্তন করা ও চূড়ান্ত পর্যায়ে পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থা প্রতিষ্ঠা করা। আর এই পুঁজিবাদী সমাজব্যবস্থার ধ্বংস সাধন ঐতিহাসিকভাবে দীর্ঘশ্রেণী সংগ্রামের লড়াইয়ের ফলে অনিবার্যভাবেই আসবে; ঠিক যেমন ঐতিহাসিকভাবে আদিমসাম্যবাদী সমাজব্যবস্থার ধ্বংসের মধ্যে দিয়ে দাস সমাসব্যবস্থার উদ্ভব হয়েছিল এবং পরবর্তীকালে দাস সমাজব্যবস্থার ধ্বংসের মধ্য দিয়ে সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার উদ্ভব হয়েছিল এবং তারও পরে সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার ধ্বংসের মধ্য দিয়ে পুঁজিবাদী সমাজব্যবস্থার উদ্ভব হয়েছে। অতএব, ঐতিহাসিকভাবে দীর্ঘ শ্রেণীসংগ্রামের লড়াইয়ের ফলে পুঁজিবাদী সমাজব্যবস্থার ধ্বংস সাধন যখন অনিবার্যভাবেই আসবে তখন নীতিতত্ত্বের ধারণা স্বাভাবিকভাবেই মূল্যহীন হয়ে পড়ে। অপরদল বলেন, মার্কস বলেছেন “দার্শনিকরা নানানভাবে বিশেষ গুণ ব্যাখ্যাই করেছেন, কিন্তু আসল ব্যাপারটা হল তা পরিবর্তন করা।” এখন প্রশ্ন হল, বিশেষ পরিবর্তন করা বা অন্যান্যভাবে বলা যায় পুঁজিবাদী সমাজব্যবস্থার ধ্বংসসাধন করার রঙ্গমঞ্চে বিশেষ সমস্ত মার্কসবাদীদের উচিত, অনুচিতের পথ কি হবে? এই নীতিদর্শনের প্রশ্নের উত্তরকে কেন্দ্র করেই আবার বলা যায়, মার্কসীয় দর্শনে নীতিতত্ত্বের ধারণা স্বাভাবিকভাবেই মূল্যহীন হয়ে ওঠে। তাই মার্কসীয় চিন্তাধারার সাথে যাদের প্রজ্ঞা গভীর তাদের কেউ দেখাবার চেষ্টা করেছেন যে, মার্কসীয় দর্শনের মধ্যে প্রচ্ছন্ন রয়েছে স্বতন্ত্র অভিনব মার্কসীয় সামাজিক নীতিতত্ত্ব এবং মার্কসীয় সমাজ বিপ্লবের কর্মসূচী হল এই নীতিতত্ত্বেরই বাস্তবিক প্রয়োগ।

মার্কসীয় রচনাসমগ্র এক বিশাল গুহাগার বিশেষ। এই রচনাসমগ্রের মধ্যে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ

মার্কসীয় নীতিতত্ত্বের ধারণাগুলি ছড়িয়ে ছিটিয়ে আছে বলা যায়। গ্রন্থগুলি হল - *The German Ideology 1845-1846, Communist Manifesto 1848, Contribution to the Critique of Political Economy 1857-1858, Capital 186, The Civil War in France 1871, Critique of Gotha Programme 1875* .

অবশ্য মার্কসীয় দর্শনে কিরূপ নীতিতত্ত্বের কথা বলা হয়েছে তা অনুসন্ধান করতে গিয়ে আমাদের প্রথমেই ধাক্কা খেতে হয়। প্রথমেই যেন মনে হয়, মার্কস নীতিতত্ত্বের ধারণা নিয়ে স্ববিরোধী কথাবার্তা উচ্চারণ করেছেন। কারণ, একদিকে, মার্কসবাদে বলা হয়েছে যে, নৈতিকতা হল একপ্রকার মরিকিকামাত্র। একটি বিশেষ সামাজিক পরিস্থিতিতে এক বিশেষ নীতিতত্ত্বের জন্ম হয়, যা মূলতঃ শ্রেণীস্বার্থকে রক্ষা করে চলে। অতএব বলা যায় যে, যে কোন নীতিতত্ত্বের মধ্যে লুকিয়ে আছে শোষণ সম্প্রদায়ের প্রচ্ছন্ন স্বার্থ। মার্কসের মতে, 'স্বাধীনতা' এবং 'ন্যায়' প্রভৃতি সাধারণ ধারণাগুলি লুপ্ত হয়ে যাবে যখন শ্রেণীশোষণ লুপ্ত হবে। *The Communist Manifesto*-তে মার্কস এবং এঙ্গেলস যেরূপ বলেন, "তাছাড়া স্বাধীনতা, ন্যায়নীতি ইত্যাদি কতকগুলি চিরন্তন সত্য আছে যেগুলি সমাজে সব অবস্থাতেই প্রচলিত থাকে। কিন্তু কমিউনিজম চিরন্তন সত্যগুলিকে বিলোপ করে দেয়, সমস্ত ধর্ম ও সমস্ত নীতিবোধকে নিশ্চিহ্ন করে দেয় — এগুলিকে নতুন ভিত্তিতে পুনর্গঠিত করে না। তাই কমিউনিজম সমস্ত অতীত ঐতিহাসিক অভিজ্ঞতার পরিপন্থী।"^৪

আসলে মার্কসের মতে, ঐতিহাসিক প্রক্রিয়ার মধ্যে 'নৈতিকতা' অপরিবর্তনীয় - হতেই পারে না এবং তা প্রমাণ করার জন্য 'ন্যায়' এবং 'অন্যায়' সম্পর্কে মানুষের চিন্তাধারায় অবিরাম পরিবর্তনই যথেষ্ট। একযুগে যা 'নৈতিকতা' অপরযুগে তা-ই 'অনৈতিকতা' হয়ে দাঁড়ায়। এঙ্গেলস ১৮৭৮সালে লিখেছেন- "অতএব আমরা দেখতে পাচ্ছি যে, তিনটি শ্রেণী (সামন্তান্ত্রিক অভিজাত শ্রেণী, বুর্জোয়া শ্রেণী এবং প্রলতারিয়েত) নিয়ে আধুনিক সমাজ গড়ে উঠেছে, সেগুলির প্রত্যেকটির নিজস্ব নীতিসার আছে। এ থেকে আমরা সিদ্ধান্তে উপনীত হতে পারি যে, সচেতনভাবেই হোক আর অচেতনভাবেই হোক, মানুষ শেষ পর্যন্ত দৈনন্দিন পরিস্থিতি, বাস্তব অভিজ্ঞতা, যে সব পরিস্থিতির উপর শ্রেণী হিসাবে তার অস্তিত্ব নির্ভর করে সে সবগুলি থেকেই অর্থাৎ উৎপাদন ও বিনিময়ের অর্থনৈতিক পরিস্থিতি থেকেই নিজের নৈতিক দৃষ্টিভঙ্গী তৈরি করে নেয়।"^৫

আসলে, মার্কস নিজে কোন নৈতিক তত্ত্বই সমর্থন করেননি। এমনকি তিনি একথাও বলেন যে, যে কোন নৈতিক তত্ত্বই হল একটা নিছক শূন্যগর্ভ ভাববাদ। এর মধ্যে কোথাও কোনরূপ বৈজ্ঞানিক সত্যের লেশমাত্র নাই। অপরদিকে, মার্কসবাদ হল একটি বৈজ্ঞানিক সত্য। সত্য কোন বাদ নয়। বিজ্ঞানে প্রকৃতি তার আপন খেলালে নিজের গল্প বলে চলে। বৈজ্ঞানিক সেই গল্পগুলির সুর টুকে নিয়ে অন্যদের স্পষ্ট করে বুঝিয়ে দেন। মার্কসীয় তত্ত্ব সমাজবিজ্ঞানের অন্তর্গত। সমাজবিজ্ঞান মার্কসের মতে অন্যান্য বিজ্ঞান থেকে

আলাদা কিছু নয়, বস্তুত এ হল একপ্রকার বস্তুনিষ্ঠ বিজ্ঞান। ডারউইন যেমন প্রাকৃতিক নির্বাচনের মাধ্যমে প্রজাতির উৎপত্তির তত্ত্ব জীববিদ্যার ক্ষেত্রে আবিষ্কার করেছেন, মার্কসও তেমনি সমাজবিজ্ঞানের ক্ষেত্রে দ্বন্দ্বমূলক বস্তুবাদের সাহায্যে মানবসমাজের বিবর্তনের ঐতিহাসিক সত্য আবিষ্কার করেছেন। এখানে কোন চিরন্তন সত্য বা আদর্শ প্রচারিত হয়নি। নৈতিকতার নীতি একটি আদর্শ নীতি। এখানে উচিত এবং অনুচিতের কথাবার্তা বলা যায়। কিন্তু প্রকৃতির রাজ্যে ঐ চিতা এবং অনৌচিত্য বলে কিছু নাই। অতএব এ থেকে স্পষ্টই বলা যায়, মার্কসবাদের যে স্বাভাবিক দৃষ্টিভঙ্গি তার সাথে নৈতিকতার দৃষ্টিভঙ্গির যথেষ্ট বিরোধ রয়েছে।

এই বিরোধের কথা মার্কস বহু জায়গায় খোলাখুলি মনে প্রকাশ করেছেন। *The German Ideology* গৃহে মার্কস বলেন, যারা কমিউনিস্ট তারা কোনরূপ নৈতিকতা প্রচার করে না, তারা মানুষের কাছে কোনরূপ নৈতিক দাবী পেশ করে না - একে অপরকে ভালবাস, আত্মঅহংকারী হয়ো না, ইত্যাদি ধরনের কথাবার্তা তারা কখনো বলে না। তারা ভালভাবেই জানে যে, কোন কোন অবস্থায় আত্মঅহংকার ত্যাগেরই ন্যায় জীবনযুদ্ধে টিকে থাকার জন্য বিশেষ জরুরী হয়ে পড়ে। মার্কস এই কারণেই সমাজ পুনর্গঠনের যে পরিকল্পনা রচনা করেছেন সেই পরিকল্পনায় 'ন্যায়', 'সাম্য' ইত্যাদি অমূর্ত ধারণা দিয়ে কোন দাবী হাজির করেননি। উদাহরণস্বরূপ বলা যায়, মার্কস পুঁজিবাদী সমাজব্যবস্থায় শ্রমিকের শোষণের কথা বলেছেন, তথাপি তিনি 'ন্যায়মজুরী' -র কথা বলেননি। তিনি মনে করেন, মজুরী ব্যবস্থাটাই হল আত্মহননকারী। 'ন্যায়মজুরী', 'অন্যায়মজুরী' ইত্যাদি কথাবার্তা বলা হলে নৈতিকতার কথাবার্তা বলা হয়। এই জন্যই আমাদের কাছেও মার্কসীয় দর্শনে, সমস্তপ্রকার নৈতিক কথাবার্তাগুলিকে বর্জনযোগ্য বলে মনে হয়।

মার্কসের মতে, সামাজিক গণতন্ত্রবাদীদের 'সাম্য', 'মৈত্রী' ও 'স্বাধীনতা'র স্লোগানেরও কোন নৈতিক মূল্যই নেই। পুঁজিবাদী সমাজব্যবস্থায় সর্বহারা শ্রমিক শ্রেণীর কাছে। এগুলি হল পুঁজিবাদী সমাজব্যবস্থার উপর একটা ভদ্র চেহারার পোষাক মাত্র। কারণ, পুঁজিবাদী উৎপাদন কাঠামোতে সামাজিক গণতন্ত্রবাদীদের উদারতা, মুক্ত মনের যত মানবিক আবেদন থাকুক না কেন, তা দিয়ে কিছু নৈরাজ্যকে ঠেকানো যাবে এর প্রতিশ্রুতি নাই। মার্কস খোলাখুলিই মনে করেন 'ন্যায়', 'সাম্য', 'স্বাধীনতা' এবং 'ভ্রাতৃত্ব' হল দেবদেবী মাত্র এবং মার্কসবাদে সমস্তপ্রকার দেবদেবীর বিদায় ঘোষণা করা হয়েছে।

অপরদিকে, আবার মার্কসীয় গৃহগুলি গভীরভাবে অনুসন্ধান করলে স্পষ্টভাবে এবং অস্পষ্টভাবে নৈতিক অবধারণের ছড়াছড়ি দেখিতে পাওয়া যায়। *The Paris Manuscripts*, *The German Ideology* এবং *The Capital* গৃহে মার্কস এমন এক অধিকতর ভাল সমাজের আকাঙ্ক্ষা প্রকাশ করেছেন, যা তাঁর মতে কোন ইউরোপীয় সমাজতাত্ত্বিক সমাজব্যবস্থা নয়। সাথে সাথে তিনি মানুষের

দাসত্ব ও বিচ্ছিন্নতার কারণে প্রচলিত সমাজব্যবস্থার প্রতি তীব্র আক্রোশ ও ঘৃণা প্রকাশ করেছেন। *The Condition of the Working Class in England* গৃহে এঙ্গেলস শিল্পে উন্নত পুঁজিবাদী রাষ্ট্রগুলির সামাজিক অবস্থা সম্পর্কে নৈতিক সমালোচনা করেছেন। মার্কস ও এঙ্গেলসের মতে প্রচলিত পুঁজিবাদী সমাজব্যবস্থা মানুষের নৈতিকতাকে পদদলিত করেছে। এই কারণেও পুঁজিবাদী সমাজব্যবস্থা সমালোচনার যোগ্য। মার্কস ও এঙ্গেলস পুঁজিবাদী সমাজব্যবস্থাকে সমালোচনা করেই রেহাই দেননি; বরং বলা যায় পুঁজিবাদী সমাজব্যবস্থাকে ধ্বংস করে ফেলার জন্য দুনিয়ার মজদুরদের এক হওয়ার আহ্বান জানিয়েছেন।

অতএব এ থেকে যেন মনে হয়, মার্কস ও এঙ্গেলস নীতি ও ন্যায় সম্পর্কে স্ববিবেচিতার আশ্রয় গ্রহণ করেছেন। কারণ, একদিকে, তাঁরা নীতি ও ন্যায়কে শ্রেণীস্বার্থ রক্ষা করার মুখোশ বলে তীব্রভাবে সমালোচনা করেছেন, আবার অপরদিকে, ঐ নীতি ও ন্যায়ের দোহাই দিয়েই পুঁজিবাদী সমাজব্যবস্থা তথা শোষণবাদী সমাজব্যবস্থার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। ১৮৬৪ সালে আন্তর্জাতিক শ্রমিক শ্রেণীর সংগঠনের যে সাধারণ নীতিগুলির রূপাঙ্কন করা হয় তাতে মার্কস স্পষ্টই বলেন 'সত্য', 'ন্যায়' এবং 'নৈতিকতা' এইগুলি হল শ্রমিক শ্রেণীর সদস্যদের পারস্পরিক আচরণের ভিত্তি এবং এ বিষয়ে জাতি, ধর্ম ও বর্ণের মধ্যে কোনরূপ বিভেদ থাকা চলবে না। মার্কস পরে ব্যাখ্যা করে বলেছেন এখানে যে নীতি ও ন্যায়ের কথা বলা হয়েছে তা কার্যকরী সুবিধার জন্য, এগুলি কোন চিরন্তন শাশ্বত আদর্শের কথা নয়। অতএব বলা যায়, এগুলির দ্বারা শুধুমাত্র সাংগঠনিক বিপ্লবী কর্মেরেড, পার্টি নেতৃত্ব, পার্টি শৃঙ্খলা এনে সর্বহারা শ্রমিক শ্রেণীকে ঐক্যবদ্ধ করে পুঁজিবাদী সমাজব্যবস্থা তথা শোষণবাদী সমাজব্যবস্থাকে ধ্বংস করার কৌশল রচনা করে। লেনিনের কথায় "শ্রেণী সংগ্রাম চলছে, সমস্ত স্বার্থকে এই সংগ্রামের বশবর্তী করাই আমাদের কাজ; আমরা এই কাজের বশবর্তী করেছি কমিউনিস্ট নৈতিকতাকেও। আমরা বলছি: সাবেকী শোষক সমাজকে ধ্বংস করতে যা সাহায্য করে, নতুন কমিউনিস্ট সমাজ গড়ে তুলে ব্যাপ্ত পুঁজিবাদীরাই চারপাশে সমস্ত মেহনতী মানুষকে এককাটা করতে যা আনুকূল্য করে সেটাই নৈতিকতা। যে নৈতিকতা এই সংগ্রামের আনুকূল্য করে, সমস্ত শোষণের বিরুদ্ধে, সমস্ত খুদে ব্যক্তিগত মালিকানার বিরুদ্ধে মেহনতী মানুষকে এককাটা করে সেটাই কমিউনিস্ট নৈতিকতা।"^৬

কাজেই, মার্কসীয় ভাষ্যকার লেনিনের কথার জের টানলে আমাদেরও এ কথাই যেন মনে হয়, বিশেষ সমস্ত মার্কসবাদীরা যেন বলতে চাইছেন, মানুষের ইতিহাস হল সংগ্রামের ইতিহাস - শ্রেণী সংগ্রামের লড়াইয়ের ময়দানে লড়াই করে বেঁচে থাকার ইতিহাস। সমাজের প্রতিটি শ্রেণী সেই নীতির দ্বারাই লড়াই চালিত করে থাকে যাতে তার স্বার্থ রক্ষিত হয় এবং এই শ্রেণী স্বার্থের লড়াইয়ের উর্দে কোন নিঃশ্রেণীয় শাশ্বত নৈতিক আদর্শ নীতির কল্পনা ভাবালুতা ছাড়া কিছুই নয়।

অতঃপর স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠে আসে, তাহলে মার্কসীয় দর্শনে কি কোন নিজস্ব নৈতিকতার

নীতি নাই? যদি মার্কসীয় দর্শনে কোন নিজস্ব নৈতিকতার নীতি নাই থেকে থাকে, তাহলে মার্কসীয় ন্যায়বিচারতত্ত্ব' বলেও তো কিছু হতে পারে না। কারণ, সকল নীতিবিজ্ঞানী প্রায় এ বিষয়ে একমত যে, ন্যায়বিচারতত্ত্বের মূলধার হল নৈতিকতা। অতএব, এক্ষণে মার্কসীয় চিন্তাধারা গভীরভাবে অনুসন্ধান করে দেখা যাক, সেখান থেকে আমরা কোন স্বতন্ত্র অভিনব মার্কসীয় সামাজিক নৈতিকতার নীতিতে উপনীত হতে পারি কিনা!

মার্কসের প্রায় সকল ভাষ্যকারই কমবেশী মনে করেন যে, মার্কস তার নতুন সমাজব্যবস্থার যে আকাঙ্ক্ষা প্রকাশ করেছেন, তার মধ্যে একটি নৈতিকতার ধারণা প্রচ্ছন্ন রয়েছে। পুঁজিবাদী সমাজব্যবস্থায় দাঁড়িয়ে তিনি সর্বহারা শ্রমিক শ্রেণীকে লক্ষ্য করে বলেন যে, তাদেরকে মুক্তি অর্জন করতে হবে। অবশ্য তিনি একথাও বলেন যে, মুক্তি তাদের পেতেই হবে। শোভনলাল দত্তগুপ্তর কথায় ‘মার্কসবাদের ব্যাখ্যায় একটি বৌদ্ধ দেখা যায় যেখানে গুরুত্ব পেয়েছে মানুষের চেতনা, স্বাধীনতা, আত্মিক মুক্তির বিষয়টি।’^{১৬} ঐতিহাসিক প্রক্রিয়া এবং অর্থনৈতিক শক্তি সমূহের বিভিন্ন যাতপ্রতিযাতের দীর্ঘ শ্রেণীসংগ্রামের লড়াইয়ের মধ্যে দিয়ে সর্বহারা শ্রমিক শ্রেণী একদিন তাদের মুক্তি অর্জন করবে। এ একপ্রকারের অনিবার্য ভবিষ্য। সর্বহারা শ্রমিক শ্রেণী মুক্তি অর্জনের মধ্য দিয়ে যে কোন চিরন্তন আদর্শ উপলব্ধি করবে তা নয়, বরং তারা শুধু বর্তমান পুঁজিবাদী সমাজব্যবস্থার অভিশাপ থেকে নিজেদেরকে মুক্ত করবে। এই পুঁজিবাদী সমাজব্যবস্থার পতনের মধ্যে দিয়ে এক নতুন উন্নততর সমাজ গড়ে উঠবে। এক্ষণে, উন্নততর সমাজ’ এবং ‘নিম্নতর সমাজ’-এর ধারণার মধ্যে মূল্যবোধের ধারণা প্রচ্ছন্ন রয়েছে। একটি নিম্ন সমাজ থেকে যখন আমরা কোন উন্নত সমাজে প্রবেশ করি তখন নিশ্চয়ই আমরা উন্নত মূল্যবোধের সন্ধান পাই। মার্কসীয় অধিকাংশ ভাষ্যকার মনে করেন যে, এই উন্নত সমাজের উন্নত মূল্যবোধ হল উন্নত নৈতিক মূল্য।

মার্কসের মতে, পুঁজিবাদী সমাজব্যবস্থা ধ্বংস হয়ে পরপর দুটি সমাজের উদ্ভব হবে। এই সমাজ দুটি হল সমাজতান্ত্রিক সমাজ এবং পূর্ণসাম্যবাদী সমাজ। সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা বিশেষ প্রতিষ্ঠিত হলে পর শ্রেণীশোষণ বন্ধ হয়ে যাবে, তবে তার ফলে বিনিময়ব্যবস্থা এবং রাষ্ট্রব্যবস্থার সম্পূর্ণ বিলোপ ঘটবে না; কিন্তু পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থায় পৌঁছালে পর আর কোনরকম বিনিময়ব্যবস্থা, জাতির গণ্ডি, রাষ্ট্রের গণ্ডি ইত্যাদি থাকবে না। সমস্ত মানব সমাজ হবে এক অখণ্ড মানব সমাজ। এই হল মার্কসীয় সমাজ বিপ্লবের চূড়ান্ত পরিণতি। কমিউনিস্ট ম্যানিফেস্টো-তে মার্কস ও এঙ্গেলস এই লক্ষ্যে পৌঁছাবার জন্য কতকগুলি পরিকল্পনা রচনা করেছেন। যে উন্নত অনাগত সমাজব্যবস্থার দিকে তাকিয়ে মার্কস ও এঙ্গেলস তাদের পরিকল্পনা রচনা করেছেন সেই অনাগত সমাজব্যবস্থা হবে এমন যেখানে সম্পদের প্রাচুর্যের সৃষ্টি হবে। মানব সমাজ একটি স্বচ্ছ সামাজিক ঐক্যের মধ্যে দিয়ে নিজেদের প্রকৃত সমগ্র সম্বন্ধ পরিপূর্ণভাবে আত্মোপলব্ধি করতে পারবে। এরফলে মানবসত্তার চূড়ান্ত বিকাশ সাধিত হবে। মানব সত্ত্বার বিকাশ

সামিতি হলে মানুষই হবে নিয়ন্ত্রক। সে প্রকৃতিকে নিয়ন্ত্রণ করবে এবং তার মধ্যে দিয়ে সে নিজেকেও নিয়ন্ত্রণ করবে। এক্ষেপে, মানুষ শ্রম করে চলছে পরোজনের তাগিদে। পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থা বিশেষ প্রতিষ্ঠিত হলে পর মানুষের অশক্তি অন্য কোন কিছুর জন্য নিযুক্ত - সেভাবে দেখা দেবে না। মানুষের অশক্তির উচ্ছলতা নিজের মুক্তির রূপ হিসাবে ফুটে উঠবে। মানুষের নিজের ঐশ্বর্য নিজেকেই ধন্য করবে, সে নিজ দীপ্তিতেই দৈর্ঘ্যপমান হয়ে উঠবে।

মানব সমাজব্যবস্থার এইরূপ চিত্র অঙ্কন করার পর মার্কস বলেছেন, এখানেই থাকবে মানুষের প্রকৃত স্বাধীনতা, প্রকৃত মুক্তি। এখানে থাকবে না কোন বিচ্ছিন্নতা। মানুষ নিজের কাছে নিজে বিচ্ছিন্ন নয়, তার দেওয়া অশক্তির সাথে সে সম্পূর্ণ একত্ব। মানুষের চূড়ান্ত মুক্তির ধারণাকে বলা যায় মার্কস তিনটি ধারণা দিয়ে একত্রে সংযুক্ত করেছেন। প্রথমতঃ - ব্যক্তির আত্মোপলব্ধি, আমি এই কাজ করি তার কারণ আমি একাজ করতে পারি। এই রূপ উপলব্ধির মধ্যে দিয়ে এবং আনন্দের মধ্যে দিয়ে মানুষ নিজেকে উজাড় করে দিয়ে শ্রমে পব্ধ হব। দ্বিতীয়তঃ - স্বার্থ সম্বন্ধের বিলোপ, মানুষে মানুষে যে সমস্ত স্বার্থের সম্বন্ধ থাকে চূড়ান্ত বিশৃঙ্খলিত মুক্তির ফলে তা লুপ্ত হয়ে যাবে, তার ফলে স্বার্থের সংঘাত দেখা দেবে না। থাকবে না সেখানে কোন অশ্রমবিভাজন নীতি, থাকবে না কোন ব্যক্তিগত সম্পত্তি এবং তৃতীয়তঃ বিচ্ছিন্নতার অবলুপ্তি। সমস্ত প্রকার বিচ্ছিন্নতাকে অতিক্রম করে মানুষ নিজের সাথে একত্ব হবে। পূঁজিবাদী সমাজব্যবস্থায় শ্রমিক নিজেকে দেখে উৎপাদনে সাহায্যকারী হিসেবে এবং এজন্য সে মজুরী পায়। অতএব বলা যায়, উৎপাদনের কাজে যুক্ত থাকার জন্য সে যা মজুরী পায় তার দ্বারা সে তার নিজের সম্বন্ধ থেকে বিচ্ছিন্ন। পূঁজিবাদী সমাজব্যবস্থায় শ্রমিক আরও নানান দিক থেকে বিচ্ছিন্ন। এ সমস্ত বিচ্ছিন্নতার অবসান হলে পর, মানুষ হবে প্রকৃত সমগ্র মানুষ।

মার্কসীয় দর্শনের এই সমস্ত ধারণাই অত্যন্ত অমূর্ত ধারণা। এই সমস্ত অমূর্ত ধারণার সাহায্যেই মার্কস তার উন্নত অনাগত পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থার চূড়ান্ত ছবি আঁকার চেষ্টা করেছেন বলা যায়। মার্কসের ভাষ্যকারেরা অনেক সময় মনে করেন, মার্কস যে উন্নত অনাগত চূড়ান্ত পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থার কথা বলেছেন, তিনি যে বিশৃঙ্খলিত মুক্তির স্বপ্ন দেখেছেন, সেই মুক্তির ধারণা অপর এক জার্মান দার্শনিক কার্টের The Kingdom of ends - এর ধারণার কাছাকাছি। কার্ট এমন সমাজব্যবস্থার স্বপ্ন দেখতেন যে সমাজব্যবস্থায় প্রত্যেক মানুষ তার আপন আপন উদ্দেশ্যে, কেউ কারো উদ্দেশ্য সিদ্ধির উপায় নয়; প্রত্যেক মানুষ স্বমহিমায় স্বাধীন।^১ মার্কসের দর্শনের স্লোগানও স্বাধীনতার স্লোগান। অতএব বলাই যায়, - মার্কসের মতে, যে নীতি অনুযায়ী মানুষ তার স্বাধীন সম্বন্ধে চূড়ান্তভাবে আত্মোপলব্ধি (Self-realization) করতে পারবে, সেই নীতিই হল যথার্থ নৈতিকতার নীতি।

অবশ্য মার্কসের বহু ভাষ্যকার, এমন কি লেনিন পর্যন্ত মনে করেন, মার্কসবাস কোন অমূর্ত

চিন্তার ফসল নয়। এখানে অনিবার্য পূর্বতঃসিদ্ধে পৌছাবার কোন অবকাশ নাই। আর কান্টের দর্শনের যা কিছু নীতি তার সবই হল অভিজ্ঞতাপূর্ব; অর্থাৎ অনিবার্য এবং ব্যতিক্রমহীন সার্বিক নীতি। কান্ট বিশুদ্ধ বুদ্ধির আদালতে শুদ্ধ প্রজ্ঞার বিচার করে শাস্ত নৈতিক আদর্শের আলোকে মানব সত্ত্বার মহিমা উর্দে তুলে ধরেছেন, আর মার্কস দ্বন্দ্বিক বস্তুবাদের সাহায্যে মানব সমাজের ইতিহাস বিশ্লেষণ করে চূড়ান্ত পর্যায়ে উন্নত অনাগত পূর্ণসাম্যবাদী সমাজের আলোকে মানবসত্ত্বার মহিমা উর্দে তুলে ধরেছেন। কান্টের নৈতিক দর্শনে উচিত, অনুচিত ইত্যাদি কথাবার্তা, আত্মার অমরতার আরাধনা, সততাকে সুখের দ্বারা পুরস্কৃত করার ঈশ্বরের পূজা আছে; কিন্তু মার্কসের নৈতিক দর্শনে আপেক্ষিকভাবে উচিত, অনুচিত ইত্যাদি কথাবার্তা থাকলেও আত্মার অমরতার আরাধনা নাই, নাই ঈশ্বরের পূজাও। তাছাড়া, কান্টের নীতিতত্ত্বের ভিত্তি হল নৈতিক অভিজ্ঞতা। নৈতিক অভিজ্ঞতা হল সাক্ষাৎ অনুভব। এই নৈতিক অনুভব ব্যবহারিক প্রজ্ঞার নিয়ম অনুসারে ব্যাখ্যাত হয়। নৈতিক নিয়ম হল নিঃশর্তে কর্তব্য সম্পাদন করার অনুজ্ঞা। কান্টের নীতিতত্ত্বের ম্লোগানই হল কর্তব্যের জন্য কর্তব্য করতে হবে, অন্য কোন উদ্দেশ্যে নয়। কান্টের মতে, কোনপ্রকার দয়া, মায়া ইত্যাদি অনুভূতির বশবর্তী না হয়ে যদি কেবল সৎ ইচ্ছাবশত নৈতিক নিয়মের জন্যই নৈতিক নিয়ম পালন করা হয় তবেই তাকে বলা যাবে কর্তব্যের জন্য কর্তব্য করা, অনেকটা শ্রীমদ্ভগবদ্গীতার^{১১} নিষ্কাম কর্মতত্ত্বের আদর্শের মতো। অতএব বলাই যায়, কান্টের নৈতিক দর্শনে মানুষের ছবি আঁকার দৃষ্টিভঙ্গি এবং মার্কসের উন্নত অনাগত চূড়ান্ত পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থায় মানুষের ছবি আঁকার দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ আলাদা। তথাপি হয়ত একথা কেউ অস্বীকার করতে পারবেন না, চূড়ান্ত পর্যায়ে উভয় দার্শনিকই মানুষের স্বাধীনতার যে ছবি আঁকার চেষ্টা করেছেন তাতে তাঁরা ‘স্বাধীন মানুষের বিকাশ’ (MAN AS A SUBJECT^{১২}) -এর শেষে সীমারেখার পৌঁছে যাবার চেষ্টা করেছেন।

তবে প্রায়োগিক ক্ষেত্রে আদর্শগত দিক থেকে আমাদের কাছে মার্কসবাদের সাথে গান্ধীবাদের মৌলিক বিরোধেই সব থেকে বেশি বলে মনে হয়। কারণ, প্রথমত, মার্কসবাদীদের সমাজব্যবস্থা পরিবর্তনে ঈশ্বরবিহীন দ্বন্দ্বমূলক বস্তুবাদে বিশ্বাস; দ্বিতীয়ত, তাঁদের শ্রেণীদ্বন্দ্বের ধারণা; তৃতীয়ত, লক্ষ্য (ends) অর্জনের জন্য প্রয়োজনে হিংসাত্মক পথেতে (means) সম্মতি এবং চতুর্থত, পূর্ণসাম্যবাদী সমাজব্যবস্থায় পৌছানোর আগে সর্বহারা শ্রেণীর পক্ষে ক্লিপিতাত্মক ক্ষমতা দখল এবং একনায়কত্ব গঠন; আধ্যাত্মিক ভাববাদী, ঈশ্বর বিশ্বাসী, ‘সত্য’ এবং ‘অহিংসা’-র পূজারী গান্ধীজীর পক্ষে যেমন দ্বন্দ্বমূলক বস্তুবাদ মেনে নেওয়া কঠিন, তার চেয়েও কঠিন লক্ষ্য অর্জনের জন্য যে কোন পথ যেমন হিংসার পথ গ্রহণ। গান্ধীজী লক্ষ্য ও পথের অদ্বৈততায় বিশ্বাস করেন। এই কারণে, গান্ধীজীর কাছে ‘সত্য’ প্রতিষ্ঠার পথ কখনো হিংসা নির্ভর হতে পারে না। মার্কসবাদীরা অবশ্য বলতেই পারেন, লক্ষ্য ও পথ বিষয়ে তাঁদের অবস্থান অ-নৈতিক নয়, বরং তা জটিল এবং দ্বন্দ্বমূলক। এইজন্য লক্ষ্য পথের কোন একমাত্রিক সম্পর্ক নির্ধারণ সম্ভব নয় - বাস্তব

পরিস্থিতির উপরই নির্ভর করবে বিপ্লবের সময় হিংসার আশ্রয় হবে কিনা।^{১০}

অবশ্য এ বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই যে, ‘সত্য’ ও ‘অহিংসা’র পূজারী গান্ধীর কাছে একটা আদর্শ নীতির প্রশ্ন তাঁর জীবনবাণী হয়ে দাঁড়িয়ে গিয়েছিল। কিন্তু যে ব্রিটিশ সরকার ১৯১৮ সালে মহাত্মা থেকে বেরিয়ে এলো বিজয়ী হয়ে সেই ব্রিটিশ সরকারকে কোন হিংসাত্মক বিপ্লবে পরাস্ত করা পরাধীন ভারতবাসীর কাছে সেদিন ছিল প্রায় অসম্ভব কাজ। তাই রণকৌশলের দিকটাও গান্ধীর মনে ছিল না - এমন কথাও জোর করে বলা যায় না। কারণ, ১৯০৯ সালে লণ্ডনে বসে হিংসার পথে বিশাসী কিছু বিপ্লবীর সঙ্গে তাঁর দীর্ঘ ঘরোয়া আলোচনা হয়। যুদ্ধের সাজে সংগঠিত রাষ্ট্রশক্তিকে সাধারণ অবস্থায় ভিতর থেকে হিংসাত্মক উপায়ে পরাস্ত করা যে কত কঠিন কাজ সেটা সেদিন গান্ধী তাঁর যুক্তির ভিতর রেখেছিলেন। হিন্দু স্বরাজ গৃহেরই এক জায়গায় তার সংক্ষিপ্ত উল্লেখ পাওয়া যায়। প্রথম মহাত্মার পর ভারতে গান্ধীর অহিংসার নীতিকে যাঁরা মেনে নিয়েছিলেন তাঁরাও যে সবাই অহিংসাকে আদর্শ নীতি হিসাবে গ্রহণ করেছিলেন এমন কথাও জোর করে বলা যায় না।^{১১}

জীবনের প্রথম পর্যায়ে মার্কসের ভাবশিষ্য এবং উত্তর পর্যায়ে গান্ধীজী ও বিনোবা ভাবের ভাবশিষ্য সামগ্রিক বিপ্লবের চিন্তনায়ক জয়প্রকাশ নারায়ণ সমাজ বিপ্লবে লক্ষ্য আর পথের প্রশ্নে কোন আদর্শ নীতির উপর আজীবন অবিচল আস্থা জ্ঞাপন করেননি। সমাজ বিপ্লবে লক্ষ্য আর পথের প্রশ্নে মার্কসবাদীদের হিংসার প্রতি কখনও সহানুভূতিশীল না থেকেও জয়প্রকাশ সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য মেনে নিয়েছিলেন বলপ্রয়োগ ইত্যাদির কথা। অবশ্য ১৯৪৪ সালে *The Bricks of Society*-তে জয়প্রকাশ অনেক বেশী গুরুত্ব দিয়েছিলেন ব্যক্তির নৈতিকতার প্রশ্নটি। জয়প্রকাশ বলেন - স্থায়ী সমাজ পরিবর্তনের জন্য প্রয়োজন ভালো মানুষ গড়ে তোলা। যে কোন পথ যা মানুষকে উন্নত নৈতিকতা দিতে ব্যর্থ হয় তা সবসময় বর্জনীয়। সমাজের শ্রেণী চরিত্রের সাথে নৈতিক বিধিগুলি সম্পর্কযুক্ত-মার্কসবাদের এই বক্তব্যকে নস্যং না করেও কিছু কিছু পথকে তিনি অনৈতিক বলে অভিহিত করেন। এ সত্ত্বেও ১৯৪৭-এর Transition to Socialism- এ জয়প্রকাশ কখনও কখনও বলপ্রয়োগের বাধ্যবাধকতা স্বীকার করে নিয়েছিলেন। কিন্তু মাত্র এক বছর পর Ends and Means প্রবন্ধে জয়প্রকাশের অবস্থান অনেক বেশী স্পষ্ট বলে আমাদের কাছে মনে হয়। অসৎ পথে কোন সৎ উদ্দেশ্যে সাধিত হতে পারে না - গান্ধীর বহু শিক্ষার মধ্যে এটি তাঁর কাছে সর্বোত্তম বলে মনে হয়েছিল।

১৯৫৩ সালে রেঙ্গুনে অনুষ্ঠিত প্রথম এশীয় সমাজতাত্ত্বিক সম্মেলনে ভাষণ প্রসঙ্গে জয়প্রকাশ নারায়ণ আবার নৈতিকতার প্রশ্নটি আমাদের সকলের সামনে বড় করে তুলে ধরেন। “তাঁর মতে ব্যবহারিক মার্কসবাদে মূল্যবোধ এবং নৈতিকতাকে অতিরিক্ত মাত্রায় আপেক্ষিক এবং লঘু করা হয়ে থাকে। সমাজতন্ত্রী আন্দোলন যেন আর্থ-সামাজিক কাঠামো পরিবর্তনের রাজনীতি ছাড়া কিছু নয়। মানুষের পরিবর্তিত মূল্যবোধই

যে সমাজতন্ত্রকে সফল করবে এই ভাবনার কোন প্রতিফলন সমাজতান্ত্রিক আন্দোলনে দেখা যায় না। এরই ফলে মহান আদর্শ থাকা সত্ত্বেও কমিউনিস্ট দেশগুলিতে এত লাভি, দুর্নীতি এবং পদস্থলন। সমাজতন্ত্র গড়ার নামে সোভিয়েত রাশিয়ায় তাই তৈরি হয় রাষ্ট্রীয় পুঞ্জিবাদ। আর্থসামাজিক পুনর্গঠনের পাশাপাশি সমাজতন্ত্রের সাথে সংগতিপূর্ণ ব্যক্তিগত নৈতিকতা ও মূল্যবোধ গড়ে তোলা সমাজতান্ত্রিক আন্দোলনের তাই আশু কর্তব্য।”^{১৫}

অতএব এ বিষয়ে সন্দেহের কোন অবকাশ নাই যে, জয়প্রকাশের ভাষ্য অনুযায়ী মার্কসীয় নীতিতত্ত্বেও মহান আদর্শের কথাবার্তা আছে। তবে তিনি ঐতিহাসিকভাবে যে সমস্ত ব্যক্তির উপর এই মহান আদর্শগুলি বাস্তবায়িত করার দায়-দায়িত্ব এসে বর্তায় তাঁদের সমাজতন্ত্রের সাথে সংগতিপূর্ণ ব্যক্তিগত নৈতিকতা এবং মূল্যবোধ গড়ে না ওঠার জন্যই কি জয়প্রকাশের ১৯৫৩-এর প্রথম এশীয় সমাজতান্ত্রিক সম্মেলনের ভাষণের আশঙ্কা ১৯৮৯ থেকে ১৯৯১ এই দুটো বছরের মধ্যেই বিশ্বের মার্কসবাদীদের কাছে সত্য অথচ দুঃস্বপ্নের মতো হয়ে দাঁড়ায়? সাড়ে সাত দশকের সমাজতান্ত্রিক সরকার লেনিনের হাতে গড়া সোভিয়েত রাশিয়া, যা বিশ্বের প্রতিটি পোষিত নিপীড়িত মানুষের মনে মুক্তির দিশা হিসাবে আত্মপ্রকাশ করেছিল, সেই সোভিয়েত রাশিয়া-ই ভেঙে চুরমার হয়ে যায়। অস্ত্রপূর্ণ স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠে আসে কেন এমন হল? গিবন, মার্কস পড়তেই তো বলেছেন সমাজ সভ্যতার ইতিহাস উর্দ্ধগামী। মার্কসীয় সমাজ বিশ্লেষণ অনুযায়ী হওয়া উচিত ছিল সমাজতান্ত্রিক সমাজ উন্নত থেকে আরো উন্নত হয়ে পূর্ণসাম্যবাদী সমাজে পৌঁছানো। কিন্তু বাস্তবিক ক্ষেত্রে ঘটে গেল এক উল্টোপুরাণ। বিশ্বের মার্কসবাদীরা দুঃস্বপ্নের মত দেখল এক অতিনব শান্তিপূর্ণ অবতরণ সমাজতন্ত্র থেকে ধনতন্ত্রে। যে সমাজের শাসকশ্রেণী শ্রমিক শ্রেণী তাঁরা তাদের পরিচালিত সরকারকে রক্ষার জন্য এগিয়ে না এসে বিনাসংগামে ক্ষমতা ছেড়ে দাঁড়াল। উল্লসিত পুঞ্জিবাদী চিন্তাবিদ ফুকিয়ামা সগর্বে ঘোষণা করলেন-ইতিহাস খতম (The end of History)।

অতঃপর স্বাভাবিকভাবেই আবার প্রশ্ন উঠে আসে, তাহলে মার্কসীয় সমাজ বিশ্লেষণের নীতির মধ্যেই কি কোন সমস্যা আছে? অন্যভাবে বলা যায়, মার্কসবাদে রাজনৈতিক ও অর্থনৈতিক আদর্শই গুরুত্ব পেয়েছে, নৈতিক আদর্শ স্থানই পায় নি, এই কারণেই কি মানুষের সমাজে এই মহান মতাদর্শের বাস্তব প্রয়োগে এত বিহাঙ্গি? সাম্প্রতিককালে উত্তর আধুনিকতাবাদী সমাজে ও বিশ্বেয়ানের বিশ্বে এই সমস্ত বিতর্কিত প্রশ্নগুলির উত্তর দান আরো অনেক গভীর গবেষণার দাবী রাখে এবং আমাদের আরো অনেক বছর বিতর্কিত মার্কসীয় নীতিতান্ত্রিক প্রায়োগিক প্রশ্নের মুখোমুখি দাঁড় করিয়ে দেয়।

তথ্যসূত্র এবং টীকা :

১. রাজকুমার চক্রবর্তী, মার্কসবাদ চর্চা: চাই গৌড়ামি মুক্ত সংস্কৃতি, সংবীক্ষণ, ১৩শ সংকলন, গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘ, সোনারপুর শাখা, প্রধান সম্পাদক ও প্রকাশক দেবপ্রসাদ চক্রবর্তী, কাত্যায়নীতলা স্ট্রীট, দক্ষিণ জগদল, কলকাতা-১৫১, প্রকাশকাল আশ্বিন ১৪১২, পৃঃ ৪২
২. রেবতীমোহন বর্মণ, হেগেল ও মার্কস, ন্যাশনাল বুক এজেন্সি, প্রকাশক, সলিল কুমার গাঙ্গুলি, ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, ১২ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট, কলকাতা- ৭০০ ০৭৩, ডিসেম্বর ১৯৯৪, পৃঃ ৫-৩৬
৩. Karl Marx, Theses on Feuerbach, in : Karl Marx, Frederick Engels, Collected Works, Vol.5, Progress Publishers, Moscow, 1976, P.5
৪. কার্ল মার্কস ও ফ্রেডারিক এঙ্গেলস, কমিউনিস্ট ম্যানিফেস্টো, ডি.রিয়াজনভ কর্তৃক রচিত টীকাসহ ।।ভি.জি. কিয়ের্নান সম্পাদিত সংস্করণ অবলম্বনে ।। অনুবাদ, গণেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, পার্ল পাবলিশার্স, ২০৬ বিধান সরণী, কলিকাতা - ৭০০ ০০৬, প্রথম প্রকাশ ডিসেম্বর ১৯৮৩, তৃতীয় মুদ্রণ অগাস্ট ১৯৮৮, পৃঃ ৪৯
৫. তদেব, পৃঃ ১০৬
৬. লেনিন, ধর্মপ্রসঙ্গে, প্রবন্ধ সংকলন, ন্যাশনাল বুক এজেন্সি, প্রকাশক, সলিল কুমার গাঙ্গুলি, ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, ১২ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট, কলকাতা - ৭০০ ০৭৩, সেপ্টেম্বর ১৯৯৩, পৃঃ ৬৭
৭. অরুণ মাহাত, মার্কসীয় ন্যায়বিচারতত্ত্ব, *Philosophy and the Life-World*, Vidyasagar University Journal of Philosophy, Vol : 8, 2005-2006, February 2006, PP. 89-97.
৮. শোভনলাল দত্তগুপ্ত, মার্কসীয় রাষ্ট্রচিন্তা, প্রকাশক, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ৬-এ রাজা সুবোধ মল্লিক স্কোয়ার, কলকাতা ৭০০ ০১৩, প্রথম প্রকাশঃ ডিসেম্বর ১৯৮৪/ বি. চতুর্থ মুদ্রণ (তৃতীয় সংস্করণ) : জুন ২০০১/সি., পৃঃ ১৫৯
৯. এই ধারণা তিনটি মূলতঃ STEVEN LUKES এর Marxism and Morality গ্রন্থ থেকে নেওয়া, CLARENDON PRESS, OXFORD থেকে ১৯৮৫ তে প্রকাশিত, পৃঃ ১০
১০. অপলা চক্রবর্তী, নৈতিকতার অধিবিদ্যার মূলসূত্রের আলোচনা, প্রকাশক, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ৬-এ রাজা সুবোধ মল্লিক স্কোয়ার, কলকাতা - ৭০০ ০১৩, প্রথম প্রকাশঃ এপ্রিল ১৯৮৭
১১. কর্মন্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।

मा कर्मफलहेतुर्दूर्मा ते सङ्गोहस्तुकर्मनि ।। सांख्ययोग -89 ।। श्रीमद्भगवद्गीता

১২. E. Kamenka, *Marxism and Ethics*, St. Martin's Press, New York, ১৯৬৯-
এ প্রকাশিত গ্রন্থে মার্কসের MAN AS A SUBJECT এই ধারণার সাথে কার্টের নীতিতত্ত্বের
ধারণার বিস্তারিত আলোচনা আছে। পৃঃ ৮ - ১৪
১৩. শিবাজী প্রতিম বসু, মহাত্মা গান্ধী : মৌলপ্রশ্ন মৌলিক ভাবনা, ভারতবর্ষ : রাষ্ট্রভাবনা, সম্পাদনা,
সত্যব্রত চক্রবর্তী, প্রকাশকঃ দীপ্তি মুখোপাধ্যায়, প্রকাশন একুশে, ৫৯ বদ্রীদাস টেম্পল স্ট্রীট,
কলকাতা- ৭০০ ০০৪, প্রকাশ মে, ২০০১, পৃঃ ২০৩
১৪. অম্লান দত্ত, গান্ধী ও রবীন্দ্রনাথ, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলিকাতা- ৭০০ ০০৯,
প্রকাশকঃ - দ্বিজেন্দ্রনাথ বসু, প্রথম প্রকাশ ২৫শে বৈশাখ ১৩৯৩, তৃতীয় মুদ্রণ বৈশাখ, ১৪০৭,
পৃঃ ৪৯
১৫. সত্যব্রত চক্রবর্তী, জয়প্রকাশ নারায়ণ : মার্কসবাদ থেকে সামগ্রিক বিপ্লব, ভারতবর্ষ : রাষ্ট্রভাবনা,
সম্পাদনা, সত্যব্রত চক্রবর্তী, প্রকাশক দীপ্তি মুখোপাধ্যায়, প্রকাশন একুশে, ৫৯ বদ্রীদাস টেম্পল
স্ট্রীট, কলকাতা- ৭০০ ০০৪, প্রকাশ মে ২০০১ পৃঃ ৩৬০

কর্মবাদের প্রাসঙ্গিকতা পাপিয়া গুপ্ত

ভারতীয় নৈতিকতাকে তার দার্শনিক মনন থেকে পৃথক করে আলোচনা করা যায় না। বেদের নৈতিকতা হল সত্তার স্বরূপ সংক্রান্ত এক দার্শনিক তথা ধর্মীয় পর্যবেক্ষণ। সাংসারিক মায়ামোহরূপ বন্ধনে জড়িত থেকেও তা থেকে মুক্তির আকাঙ্ক্ষা মানুষের চিরন্তন, অসত্যের অমানিশা অতিক্রম করে প্রকৃত সত্যের ভিত্তিতে ভাস্বর হয়ে ওঠার কামনা তার শাশ্বত, মৃত্যুর অন্ধকার থেকে উত্তরণের পথ সন্ধানে সে নিয়ত ব্যাপ্ত - উপনিষদের ঋষির কণ্ঠে ধ্বনিত হয় সেই আকাঙ্ক্ষা:

অসতো মা সদগময়

তমসো মা জ্যোতির্গময়

মৃত্যোর্মা অমৃতং গময় (১)

আত্মজ্ঞানে দীপ্যমান হয়ে ওঠার জন্য মানুষের যেমন তত্ত্বজ্ঞান বা যথার্থ জ্ঞান থাকা আবশ্যিক, তেমনই যথার্থ জীবন যাপন করাও প্রয়োজন - যার মাধ্যমে সে হয়ে উঠবে নৈতিক, প্রজ্ঞাবান মানুষ।

বৈদিক দর্শনে বিশুপ্রকৃতির মূল নীতিটি 'ঋত' নামে অভিহিত, যে পরম তত্ত্বের ওপর জাগতিক যাবতীয় শৃঙ্খলা প্রতিষ্ঠিত। এই 'ঋত' প্রসঙ্গে অথর্ববেদে বলা হয়েছে - 'ঋত হল সেই বিশুজনীন নিয়ামক শক্তি বা শৃঙ্খল, যার বাঁধনে থেকে সূর্য, চন্দ্র নিজ নিজ কক্ষে অধিষ্ঠান করে স্ব স্ব কর্তব্য পালন করে'

ঋতেনাদিত্যস্তিষ্ঠন্তি দিবি ... (২)

ঋক্ বেদে বলা হয়েছে

ঋতং চ সত্যং চ অভীষ্ট তপসোহধ্যজায়ত (৩)

অর্থাৎ প্রজুলিত তপস্যা থেকে ঋত ও সত্য জন্মগ্রহণ করল।

এই ঋত সমগ্র বিশুসমাজের শৃঙ্খলার ব্যতিক্রমহীন নিয়ম রূপে কর্মবাদের সঙ্গে সম্পর্কযুক্ত। যে কর্মবাদ ভারতীয় নৈতিক দর্শনের অন্যতম প্রধান স্তম্ভ। কর্মবাদ অনুসারে - কর্ম মাত্রই অনিবার্যভাবে ফল উৎপন্ন করে বা কোনো না কোনো পরিণতির সৃষ্টি করে। চার্বাক ব্যতীত প্রায় সব ভারতীয় দর্শন সম্প্রদায়ই কর্মবাদকে স্বীকার করে নিয়েছে। বস্তুতঃ একটি বিশেষ প্রেক্ষিত থেকে এই কর্মবাদকে ভিত্তি

করে ভারতীয় আন্তিক ও নাস্তিক দর্শনের ভেদ সাধন করা হয়েছে। বিষয়টি সামান্য ব্যাখ্যা করে বলা যায়, সাধারণ লৌকিক ব্যবহারে আন্তিক ও নাস্তিক শব্দের দ্বারা ঈশ্বরে বিশ্বাসী ও ঈশ্বর অবিশ্বাসী সম্প্রদায়কে বোঝানো হয়ে থাকে। কিন্তু দার্শনিক পরিভাষা অনুসারে যারা বেদপ্রমাণে বিশ্বাসী এবং বেদবিহিত জীবনচর্চা তথা জীবনচর্যাকে স্বতঃসিদ্ধ রূপে গ্রহণ করে তারাই আন্তিক - অন্যদিকে বেদের স্বতঃপ্রমাণে অবিশ্বাসী মানে নাস্তিক। ভগবান মনুও এই কথার সমর্থনে বলেছেন -

‘যোহবন্যোততে মূলে হেতুশাস্ত্রশয়াদ্ দ্বিজঃ।

স সাধুভিবহিষ্কার্যো নাস্তিকো বেদনিন্দকঃ।।’ (৪)

পাপিনি পরলোকে, জন্মান্তরে অবিশ্বাসী ব্যক্তিকেই নাস্তিকরূপে অভিহিত করেছেন। কিন্তু চন্দ্রকীর্তি, তার মাধ্যমিককারিকার ভাষ্যে অত্যন্ত স্পষ্টভাবে এই মত প্রকাশ করেছেন যে যাঁরা কর্মবাদ ও তার অনিবার্য ফলশ্রুতিরূপে পুনর্জন্মে বিশ্বাস করেন তাঁরাই আন্তিক এবং বিপক্ষীয়গণ নাস্তিক। শেখোক্ত অর্থে নৈতিক প্রেক্ষিত অনুসারে একমাত্র চার্বাকই নাস্তিক, সে কর্মবাদকে স্বীকার করে নি এবং সেহেতু নাস্তিক শিরোমণি নামে অভিহিত হয়েছে। অপরপক্ষে জৈন এবং বৌদ্ধ উভয় সম্প্রদায়ই বেদ-অপ্রামাণ্যবাদী হওয়া সত্ত্বেও তাদের ধর্মের তথা দর্শনের মূল ভিত্তিরূপে কর্মবাদকে স্বীকৃতি দিয়েছে।

কর্মবাদ এক ব্যতিক্রমহীন নিয়ম যা অনুসারে কর্ম সম্পাদনকারী ব্যক্তিকে অবশ্যই তার দ্বারা কৃতকর্মের ফলভোগ করতে হবে। বৃহদারণ্যক উপনিষদে বলা হয়েছে। ‘যৎ কর্ম কুরুতে তদভিসম্পাদ্যতে’ (৫)। বিস্তারিতভাবে বলা যায়, যাবতীয় কর্ম যদি তা কোনো উদ্দেশ্য বা লক্ষ্য চরিতার্থ করার কামনাপূর্বককৃত হয় তাহলে তা অবশ্যই ঐ কর্ম অনুসারী ফল উৎপন্ন করবে। সম্পাদিত কর্মটি ভালো হলে তা ধর্ম এবং মন্দ হলে অধর্ম উৎপন্ন করবে বলা হয়েছে। ‘পুণ্যো বৈ পুণ্যেন কর্মনা ভবতি, পাপং পাপেন (৬)। কর্মবাদ নিশ্চয়তা প্রদান করে সকাম বা কামনায়ুক্ত কর্মের ফল যেমন কখনোই বিনষ্ট হয় না, তেমনই কর্মটি যে কর্তার দ্বারা কৃত হয় নি, ঐ কর্মের ফলও সেই কর্তা কখনোই ভোগ করবে না। বস্তুতঃ বাস্তব জগৎ যে অনন্ত কার্য-কারণ শৃঙ্খলে অনাদি অনন্তকালব্যাপী আবদ্ধ কর্মবাদ তারই প্রকাশ। কর্মবাদকে স্বীকার না করা হলে মানবজীবন ও ভৌতিক জগৎ উভয়েরই সুসামঞ্জস্যপূর্ণ শৃঙ্খলা ব্যাখ্যা অসম্ভব হয়ে পড়ে। এ জগৎসংসারে কেউ সুখী, কেউ দুঃখী, কেউ ধনী, কেউ বা দরিদ্র - এই ভেদ-বৈচিত্র্যের কারণ স্বরূপ বলা যায় নিয়মবশতঃই এমন হয়। পূর্বকৃত কর্মের ফল ভোগের নিমিত্তই বর্তমানে ধার্মিক জীবনযাপনকারী ব্যক্তি দুঃখভোগ করে এবং অসৎ আচরণ নিষ্ঠ ব্যক্তি সুখী জীবন যাপন করে। কর্ম ও কর্মফলের এই পরম্পরাগত শৃঙ্খলা তা বর্তমান জন্ম থেকে পূর্ব জন্ম এবং ভাবী জন্ম পর্যন্ত বিস্তৃত। কোনো একটি জন্মে ব্যক্তি কৃতকর্মের ফল সে ঐ জন্মেই এবং পরবর্তী জন্মে ভোগ করে এবং এই প্রক্রিয়া বহমান। সুতরাং কর্মবাদের অবশ্যস্বাবী অনুসিদ্ধান্ত যে জন্মান্তর বা পুনর্জন্মবাদ তা অনস্বীকার্য।

প্রশ্ন ওঠে, ব্যক্তির পক্ষে কোনো আকাঙ্ক্ষা বা কামনার বশবর্তী না হয়ে বা তার দ্বারা প্রভাবিত না হয়ে কোনো কর্ম সম্পাদন করা কি আদৌ সম্ভব ? কারণ ব্যক্তি সর্বদাই কোনো না কোনো কাম্য উদ্দেশ্যে চরিতার্থ করার জন্য, কোনো না কোনো পদার্থকে লাভ করার বা ত্যাগ করার ইচ্ছাবশতঃ কর্মে প্রবৃত্ত হয়। বস্তুতঃ এই কামনা অজ্ঞতা বা অবিদ্যার দ্বারা সৃষ্ট। অবিদ্যা হল যথার্থ জ্ঞানের অভাব - যে বস্তু যেমন নয় তাকে সেরূপে জ্ঞান করা, যেমন অনিত্য জগৎকে নিত্যরূপে, অনায়া দেহাদিকে আত্মরূপে, দুঃখে সুখবুদ্ধি প্রভৃতি জ্ঞান করাই অবিদ্যা। এই অবিদ্যা বশতঃই ব্যক্তির প্রিয় বা কাম্য বিষয় অনুরাগ এবং অপ্ৰিয় বিষয়ে দ্বেষ বা বিরূপতা জন্মায় - এই রাগ ও দ্বেষের জন্যই অসত্য, ঈর্ষা, কপটতা, প্রভৃতি দোষের উৎপত্তি হয় - 'রাগদ্বেষাধিকারাস্ত্যেযা - মায়া - লোভাদয়োদোষা ভবন্তি' (৭)। এই দোষের বশবর্তী হয়েই ব্যক্তি হিংসা, চুরি, মিথ্যাকথন, কটুক্তি প্রভৃতি অশুভ কর্ম সম্পাদন করে, যা অধর্ম বা পাপরূপ ফল উৎপন্ন করে; আবার ব্যক্তিদান, পরিত্রাণ, পরসেবা, সত্যকথন, অপরের প্রতি দয়া, শ্রদ্ধা প্রভৃতি শুভ কর্ম সাধন করে যা ধর্মের কারণ। এই ধর্ম এবং অধর্মই উৎকৃষ্ট বা নিকৃষ্ট জন্মের কারণ। কিন্তু ধীরে ধীরে পার্থিব সুখে আসক্ত ব্যক্তি উপলব্ধি করে ভোগের তথা আকাঙ্ক্ষার কোনো অন্ত বা সমাপ্তি নেই। এবং ক্রমশঃ বিষয় তার কাছে নীরস পদার্থে পরিণত হয় - অতিরিক্ত ভোগের আতিশয্যে সে হয়ে পড়ে ক্লান্ত। বিবেক ও বৈরাগ্যের দ্বারা সে পূর্ণ হয়। যিনি অবিদ্যার আবরণ উন্মোচন করে তত্ত্বজ্ঞানের আলোকে উদ্ভাসিত হয়েছেন, যিনি নিত্য বিষয়ে নিত্য, আত্মা বিষয়ে আত্মজ্ঞান, দুঃখ বিষয়ে দুঃখ জ্ঞানের অধিকারী, তাঁর জাগতিক বিষয়ের প্রতি কোনো অনুরাগ বা বিরাগ না থাকায় তিনি নিষ্কাম কর্ম সম্পাদন করেন এবং স্থিতপ্রজ্ঞ নামে অভিহিত হন তাঁর কোনো কর্মই ফল উৎপন্ন করে না। এই নিষ্কাম কর্ম সম্পাদনের মাধ্যমে ব্যক্তির চিন্তাশুদ্ধি ঘটে এবং সে মুক্তির পথে অগ্রসর হয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য নিষ্কাম কর্মের অর্থ কর্মত্যাগ নয়, বরং কর্মফলের প্রতি অনাসক্ত হয়ে কর্ম সম্পাদন, যা দক্ষ বীজের ন্যায় কোনো অঙ্কুর বা প্রতিফল সৃষ্টি করে না।

কামনায়ুক্ত কর্ম তথা সকাম কর্ম ত্রিবিধ - সঞ্চিত, প্রারন্ধ ও সঞ্চীয়মান বা ক্রিয়মান। বর্তমান ও অতীত জীবনে সম্পাদিত কর্মগুলির মধ্যে যেগুলি বিভিন্ন কারণে ফল উৎপন্ন না করে ভবিষ্যতে ফল প্রদানের জন্য জমা থাকে তা-ই সঞ্চিত কর্ম। বর্তমানে যে সমস্ত কর্ম সম্পাদিত হচ্ছে, যার ফলও ভবিষ্যতে প্রাপ্ত হবে, তা-ও সঞ্চিত হয়ে চলেছে এবং তা সঞ্চীয়মান কর্ম নামে অভিহিত হয়ে থাকে। যে সমস্ত কর্মের ফল প্রদান শুরু হয়ে গেছে তা প্রারন্ধ কর্মরূপে গণ্য হয়। তত্ত্বজ্ঞানী ব্যক্তির জ্ঞানাগ্নির তেজ দ্বারা সঞ্চিত ও সঞ্চীয়মান কর্মের ফল বিনষ্ট হয়। গীতাতে বলা হয়েছে 'জ্ঞানাগ্নি সর্বকর্মাণি ভস্মাসাৎ কুরুতে তথা' (৮)। এ প্রসঙ্গে মুণ্ডকো উপনিষদেও বলা হয়েছে - তদা বিদ্বান পুণ্য পাপে বিধূয় নিরঞ্জনে পরমং সাম্যমুপৈতে। (৯) অর্থাৎ তত্ত্বজ্ঞানীর যখন তত্ত্বজ্ঞান হয় তখন সমস্ত সঞ্চিত পাপপুণ্য দক্ষ করে দোষশূন্য হয়ে তিনি মুক্ত হন। কিন্তু প্রারন্ধ কর্মের ক্ষয় একমাত্র ভোগের মাধ্যমেই সম্ভব - সেই কারণেই ব্রহ্মজ্ঞানী ব্যক্তিও প্রারন্ধ

কর্মের ফল ভোগ করার নিমিত্ত জীবনমুক্ত পুরুষ রূপে জীবিত থাকেন এবং ঐ ভোগ শেষে দেহ থেকে বিমুক্ত হয়ে বিদেহ মুক্তি লাভ করে আত্যন্তিক মুক্তি লাভ করেন।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, কর্মবাদ-রূপ নৈতিক সার্বত্রিক নিয়ম যা সমগ্র জগৎকে ব্যাপ্ত করে আছে জন্মান্তরবাদ তার সাথে ওতপ্রোত সম্পর্কে আবদ্ধ। ব্যক্তির বর্তমান জন্মের অবসানে পরবর্তী জন্মগ্রহণের কারণ কর্মবাদ। 'জন্ম' শব্দের অর্থ আত্মার দেহ-ইন্দ্রিয়াদি ধারণ এবং 'জন্মান্তর' -এর অর্থ নিত্য, শাশ্বত, সনাতন সঙ্ঘারূপী আত্মার জীর্ণ দেহ ত্যাগ করে (মৃত্যু) নতুন দেহ-ইন্দ্রিয়াদিতে সজ্জিত হওয়া। তাই বহু ব্যবহৃত গীতার বক্তব্য হল -

‘বাসাংসি জীর্ণানি যথা বিহায়

নবানি গৃহ্ণতি নরোহপরাণি

তথা শরীরানি বিহায় জীর্ণা

ন্যান্নানি সংজ্জাতি নবানি দেহিঃ’ (১০)

কর্মবাদের ভিত্তি নৈতিকতার দুটি মূল সূত্র - অকৃতভ্যাগম ও কৃতপ্রণাশ। কর্মবাদের মূল নীতি যদি হয় - ‘যে যেমন বীজ বপন করবে সে তেমন ফল লাভ করবে - উত্তম বীজ বপনে উত্তম ফসল এবং মন্দ বীজ বপনে মন্দ ফসল’ এবং যদি এই নীতি প্রকৃতির রাজ্যে অমোঘ, অলঙ্ঘনীয় ও শাশ্বত হয়, তাহলে ঐ নীতিটি থেকে অনিবার্যভাবে দুটি সিদ্ধান্ত নিঃসৃত হয় -

১। যদি ক কোনো বিশেষ কর্ম (ধর্ম ও অধর্ম) সম্পাদন করে তাহলে তার ফল (সুখ, দুঃখ) ক-কে অবশ্যই ভোগ করতে হবে।

২। যদি ক কোনো বিশেষ নির্দিষ্ট কর্ম সম্পাদন না করে, তাহলে কোনো অবস্থাতেই ক ঐ কর্মের ফল ভোগ করবে না।

প্রথমটির নিষেধে অর্থাৎ কর্ম সম্পাদন করা সত্ত্বেও যদি ফলভোগ না হয় তাহলে কৃতপ্রণাশ দোষ এবং দ্বিতীয়টির নিষেধে অর্থাৎ কর্ম না করলেও যদি ঐ কর্মের ফলভোগ করতে হয়, তাহলে অকৃতভ্যাগম দোষ ঘটে। সেক্ষেত্রে যদি কোনো ব্যক্তি বর্তমানে অধর্ম আচরণ করা সত্ত্বেও সুখী জীবনযাপন করে তাহলে ঐ আচরণ বা কর্মের ফল ভোগ করার জন্য তার পরবর্তী জন্ম অবশ্য স্বীকার্য নচেৎ তার দ্বারা কৃতকর্মের ফলভোগের জন্য তার মৃত্যুর পর কেউই দায়ী থাকবে না। আবার যে ব্যক্তি শারীরিক বা মানসিক কোনো অক্ষমতা নিয়ে বা দরিদ্র পরিবারে অস্বাস্থ্যকর পরিবেশে জন্মগ্রহণ করে তা হলে তা যে তার পূর্বজন্মের কৃত কর্মেরই ফল এরূপ স্বীকার না করলে মেনে নিতে হবে কোনো কর্ম না করেই অকারণে সে ঐ ফল লাভ করেছে। সুতরাং কর্মবাদের ব্যাখ্যার নিমিত্ত পুনর্জন্মবাদ অবশ্যই স্বীকার্য। উপনিষদে বলা হয়েছে ব্যক্তি যদি অসৎ কর্ম করে তা হলে সে অধোগতি প্রাপ্ত হয় এবং পরবর্তী জন্মে জীবজন্তুর শরীর ধারণ

করে। ছান্দোগ্য উপনিষদে এই প্রসঙ্গে বলা হয়েছে -

‘তদ য ইহ রমনীযচরণ অভ্যাশো হ যন্তে রমনীয়াং যোনিমাপদেশচরত্নাক্ষণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বা বৈশ্যযোনিং বাহথ য ইহ কপুচরণ অভ্যাশো হমন্তেক পূয়াং যোনিমাপদ্যেবপ্রশ্যযোনিং বা সুকরযোনিং বা চণ্ডালযোনিং বা ॥’ (১১) - অর্থাৎ তাঁদের মধ্যে যাঁদের ইহলোকে অর্জিত শুভ কর্মফল আছে, তাঁরা ব্রাহ্মণ যোনিতে বা ক্ষত্রিয় যোনিতে বা বৈশ্যযোনিতে অতিশীঘ্র জন্মলাভ করেন। আবার যাদের ইহলোকে অর্জিত অশুভ কর্মফল আছে, তারা কুকুরযোনিতে বা চণ্ডাল যোনিতে অতি শীঘ্র জন্মলাভ করে।

সুতরাং সিদ্ধান্ত করা যেতে পারে যে, কর্মবাদের নীতি অনুসারে প্রত্যেক মানুষ তার দ্বারা সম্পাদিত যাবতীয় কর্মের ফল ভোগে বাধ্য এবং সেই কারণেই তারা বারবার সংসার আবর্তে জন্মগৃহণ করে - এ প্রসঙ্গে মহাত্মারত্নের শাস্তি পরে বলা হয়েছে - ‘সুশীঘ্রমপি ধাবন্তম্ কর্তারমনুগচ্ছতি’ (১২)।

প্রশ্ন ওঠে, কর্মবাদের এই যে কর্ম ও কর্মফলের পরম্পরা, সেখানে ঈশ্বরের স্থান কোথায়? ঈশ্বরকে জগতের সৃষ্টিকর্তা, পালনকর্তা এবং সংহার তথা প্রলয়ের কারণরূপে স্বীকার করা হয়েছে। উপনিষদে বলা হয়েছে -

‘যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যে জাতানি জীবন্তি। যৎ প্রযন্তি অভিসংবিশন্তি। তদ্বিজ্জাসস্ব। তদব্রহ্মোতি।’ (১৩)। অর্থাৎ যা হতে এই অখিল ভূতবর্গ উৎপন্ন হয়, উৎপন্ন হয়ে যার দ্বারা বর্ধিত হয় এবং বিনাশ কালে যাতে গমন করে ও যাতে বিলীন হয়, তাকে জানতে ইচ্ছুক হও; তিনিই ব্রহ্ম।

অন্যত্র বলা হয়েছে ‘যদিদং কিঞ্চজগৎ সর্বং প্রাণো এজতি নিঃসৃতম্’ (১৪)। অর্থাৎ এই যা কিছু চরাচর বস্তু দৃষ্ট হয়, পরব্রহ্ম আছেন বলেই সেই সমস্ত তা থেকে নিঃসৃত হয়ে স্পন্দিত হচ্ছে। বলা হয়েছে এই পরমেশ্বরের ভয়ে অগ্নি তাপ দেন, সূর্যকিরণ বিকিরণ করেন, ভয়ে ইন্দ্র, বায়ু এবং পঞ্চস্থানীয় মৃত্যুও স্বকর্মে প্রবৃত্ত হন -

‘ভয়াদস্যগ্নিস্তপতি ভয়াস্তপতি সূর্যঃ।

ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ ॥’ (১৫)

ঈশ্বর নিগূর্ণ, নিষ্ক্রিয় ব্রহ্মেরই সগুণ বা ব্যাকৃত রূপ - যখন ব্রহ্মের সৃষ্টি করার ইচ্ছা হয় তখন তিনি তাঁর অন্তর্নিহিত শক্তিকে মায়াতে উপহিত করে জগৎ বা ব্রহ্মাণ্ড সৃষ্টি করেন। কিন্তু ঈশ্বর যদি সর্বনিয়ন্ত্রা হন তাহলে স্বাভাবিকভাবেই ব্যক্তির কর্ম তাঁর দ্বারা নিয়ন্ত্রিত হবে, এবং সে যে কর্মফল লাভ করবে তার দায়বদ্ধতাও ঐ ব্যক্তিতে বর্তাবে না বরং ঈশ্বরই তারজন্য দায়ী থাকবেন। সেক্ষেত্রে ঈশ্বরকে সর্বনিরপেক্ষ, করুণাময় প্রভৃতি বিশেষণে বিশেষিত করা সম্ভব হবে না। ব্যাখ্যা করে বলা যায়, ঈশ্বর যদি প্রকৃতই করুণাময় হতেন, তাহলে তিনি জগতের প্রত্যেক মানুষকেই সুখী বা আনন্দিত করতেন। যদি মানুষের সুখ-দুঃখ তার কর্মের ওপর নির্ভরশীল - এই কথা বলা হয়, তাহলে ব্যক্তির কর্ম সর্বনিয়ন্ত্রা

ঈশ্বরের দ্বারা নিয়ন্ত্রিত হওয়ায় এ কথা অনস্বীকার্য যে তিনি স্বয়ং পক্ষপাতদুষ্ট হয়ে কাউকে সুখজনক কর্মে, কাউকে বা দুঃখজনক কর্মে প্রবৃত্ত করেন, ফলে তাঁর নিরপেক্ষতাও আটুট থাকে না।

বস্তুতঃ ঈশ্বরেরও কর্মফলের ব্যতিক্রম ঘটানোর অধিকার নেই। তিনি সব প্রাণীকেই সমচোখে দেখেন - তাঁর কোনো শত্রুও নেই, মিত্রও নেই - এ প্রসঙ্গে গীতাবাক্য এরকম -

‘সমোহং সর্বভূতেষু ন মে দ্বেষ্যোহস্তি ন প্রিয়ঃ।’ (১৬)।

জীব তার কর্ম অনুসারে ফল ভোগ করে চলেছে এবং ঈশ্বর এই ভোগের জন্য জগৎ সৃষ্টি করে থাকেন অর্থাৎ জীবের কর্ম অনুসারে ফল দান করে থাকেন। জীব যে শুভ অশুভ কর্ম সম্পাদন করে তার ফলে উৎপন্ন ধর্মাধর্মকে অদৃষ্ট বলা হয় - এই অদৃষ্ট অচেতন হওয়ায় ফল প্রদানে অক্ষম, এবং সেই কারণে এই অদৃষ্টের অধিষ্ঠাতারূপী চেতন, সর্বশক্তিমান, সর্বজ্ঞ ঈশ্বরই জীবের অদৃষ্ট অর্থাৎ জীবের দ্বারা কৃতকর্মের অনুসারে তাঁকে ফল প্রদান করেন। ফলে ঈশ্বরের ক্ষেত্রে পক্ষপাতিত্ব দোষ বা নির্দয়তার অভিযোগ ভিত্তিহীন।

কর্মবাদ ব্যক্তি স্বাধীনতার পরিপন্থী নয়, বরং তার ওপরেই প্রতিষ্ঠিত। ব্যাখ্যা করে বলা যায়, ব্যক্তির জীবন বা তার ভোগ তার দ্বারা কৃতকর্মের ওপরেই নির্ভরশীল। অর্থাৎ তার পূর্ব জন্মের কৃতকর্মের ফলই তার বর্তমান জন্মের কর্মপ্রবণতার নিয়ন্ত্রক। আবার বর্তমান জন্মের কর্মের দ্বারাই তার ভবিষ্যত জীবন নিয়ন্ত্রিত হবে। বর্তমান জীবনে সে যদি ঐকান্তিক প্রচেষ্টা করে তাহলে তার পূর্ব জীবনের কর্মফল ভোগ কালেই সে ভবিষ্যত জীবন গঠন করতে সক্ষম হবে এবং তা সম্ভব তার ইচ্ছার স্বাধীনতার সদ্ব্যবহারের মাধ্যমে। সুতরাং কর্মবাদ কোনো অদৃষ্টবাদী তত্ত্ব নয়, পুরুষকারের গুরুত্ব তথা ভূমিকাও সেখানে অনস্বীকার্য। বস্তুতঃ কর্মবাদ এক জাতীয় আত্মনিয়ন্ত্রণবাদী মতবাদ যেখানে ব্যক্তির জীবন তার স্বেচ্ছাকৃত কর্ম দ্বারাই নিয়ন্ত্রিত তথা পরিচালিত হয়।

নির্দেশিকা

- ১) বৃহদারণ্যক উপনিষৎ ১/৩/২৮
- ২) অথর্ব বেদ ১৪ / ১ / ১
- ৩) ঋক্ বেদ ১০/ ১৯০
- ৪) মনুসংহিতা ২ / ১১
- ৫) বৃহদারণ্যক উপনিষৎ ৪ / ৪ / ৫
- ৬) বৃহদারণ্যক উপনিষৎ ৪/ ৪ / ৫
- ৭) মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ কর্তৃক সম্পাদিত, অনূদিত ও ব্যাখ্যাত, ন্যায়সূত্র ও
বাৎস্যায়ন ভাষ্য - ১ / ১ / ২ সু. ভা.
- ৮) শ্রীমদ্ভগবদগীতা ৪ / ৩৯
- ৯) মুণ্ডকোপনিষৎ ৩ / ১/ ৩
- ১০) শ্রীমদ্ভগবদগীতা ২ / ২২
- ১১) ছান্দোগ্যোপনিষৎ ৫ / ১০ / ৭
- ১২) মহাভারত - শান্তিপর্ব
- ১৩) তৈত্তিরীয়োপনিষৎ ৩/ ১
- ১৪) কঠোপনিষৎ ২ / ৩/ ২
- ১৫) কঠোপনিষৎ ২ / ৩ / ৩
- ১৬) শ্রীমদ্ভগবদগীতা ৯ / ২৯

প্রাচীন ন্যায়ের ইতিহাসে “বিক্ষেপ” এর স্বরূপের ক্রমবিবর্তন

অনন্যা ব্যানার্জী

প্রাচীন ন্যায়দর্শনের ইতিহাস বৌদ্ধদর্শনের সঙ্গে দ্বন্দ্বের ইতিহাস। এই প্রাচীন ন্যায়শাস্ত্রের জগতের প্রথম ব্যক্তিত্ব হলেন ন্যায়দর্শনের প্রতিষ্ঠাতা ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম। মহর্ষি গৌতমের ন্যায়সূত্রের উপর বাৎস্যায়নের যে বিস্তারিত ব্যাখ্যা তা ন্যায়ভাষা নামে পরিচিত। ভাষ্যকার বাৎস্যায়ন প্রধানতঃ বৌদ্ধ তর্কিক নাগার্জুনের মতের সমালোচনা করেছেন। ভাষ্যকার বাৎস্যায়নের ন্যায়ভাষ্যের উপর উদ্যোতকরের যে বিস্তারিত ব্যাখ্যা, তা ন্যায়বার্তিক নামে পরিচিত। নব্যবৌদ্ধ দিঙ্নাগ প্রমুখ ন্যায়সূত্র এবং ভাষ্যের প্রতিবাদে মুখর তখন প্রাচীন ন্যায়শাস্ত্রের জগতে এই নৈয়য়িকের আবির্ভাব। বৌদ্ধ তর্কিক ধর্মকীর্তি মূলতঃ উদ্যোতকরের মতেরই সমালোচনা করেছেন। প্রাচীন ন্যায়ের ঐতিহ্যের ধারক ও বাহকরূপে এই নৈয়য়িকত্রয়ের নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ক মত পর্যালোচনা করলে প্রাচীন ন্যায়ের ইতিহাসে সামান্যতঃ এবং বিশেষ বিশেষ নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ক মতের ক্রমবিবর্তন পরিলক্ষিত হয়। ন্যায়স্বীকৃত সকলপ্রকার নিগ্রহস্থানের স্বরূপ এই প্রবন্ধের আলোচ্য বিষয় নয়। পরন্তু প্রাচীন ন্যায়ের ইতিহাসে “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানের স্বরূপ সংক্রান্ত যে ক্রমবিবর্তন দৃষ্ট হয়, সেটিকে স্পষ্টরূপে ব্যক্ত করাই এই প্রবন্ধের আলোচ্য বিষয়। কিন্তু মূল আলোচনায় উপনীত হওয়ার পূর্বে প্রাচীন নৈয়য়িকগণের মতানুসারে সামান্যতঃ নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ে অবগত হওয়া আবশ্যিক।

(ক) সামান্যতঃ নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ে প্রাচীন ন্যায়মত

ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম তাঁর ন্যায়দর্শনে বলেছেন - প্রমাণাদি যোড়শ পদার্থের তত্ত্বজ্ঞান লাভ দ্বারাই পরম পুরুষার্থরূপ সোক্ষ বা নিঃশ্রেয়স লাভ সম্ভবপর হয়।^১ ন্যায়শাস্ত্রে স্বীকৃত এই যোড়শ পদার্থের মধ্যে সর্বশেষ পদার্থ হল নিগ্রহস্থান।

মহর্ষি গৌতম তাঁর ন্যায়সূত্রে নিগ্রহস্থানের লক্ষণ প্রকাশ করে বলেছেন —

“বিপ্রতিপত্তিরপ্রতিপত্তিশ্চ নিগ্রহস্থানম্” ॥১৯ ॥ ৬০ ॥ অর্থাৎ বিপ্রতিপত্তি এবং অপ্রতিপত্তি হল নিগ্রহস্থান।^২ অর্থাৎ, যার দ্বারা বাদী বা প্রতিবাদীর বিপ্রতিপত্তি অথবা অপ্রতিপত্তি বোঝা যায়, তাকে “নিগ্রহস্থান” রূপে অভিহিত করা হয়।

ভাষ্যকার বাৎস্যায়ন মহর্ষির সূত্রোক্ত “বিপ্রতিপত্তি” শব্দের অর্থরূপে বিপরীত জ্ঞান এবং কুৎসিত জ্ঞানকে গৃহণ করেছেন।^১ অপরপক্ষে, ‘অপ্রতিপত্তি’ বলতে বোঝায় প্রকৃত বিষয়ে জ্ঞানের অভাব। কিন্তু ভাষ্যকার সূত্রোক্ত ‘অপ্রতিপত্তি’ শব্দের দ্বারা আরম্ভ বিষয়ে অনারম্ভ অর্থাৎ বাদী ও প্রতিবাদীর নিজ কর্তব্যের অকারণকে বুঝিয়েছেন। বিচারস্থলে বাদী এবং প্রতিবাদীর কর্তব্য হল পঞ্চবিধ। যথা - (১) নিজমত স্থাপন বা স্বপক্ষ স্থাপন, (২) পরমত উপলব্ধি, (৩) পরমত খণ্ডন, (৪) অপরের উত্থাপিত আপত্তির খণ্ডন এবং (৫) চতুর্বিধ বিষয়ের যে কোনটি। সুতরাং, বিচারস্থলে বাদী বা প্রতিবাদী এই পঞ্চবিধ কর্তব্যসমূহের মধ্যে যেসকল কর্তব্যবিষয়ক অকারণবশতঃ পরাজয় প্রাপ্ত হন তাদৃশ অজ্ঞতাই ভাষ্যকারের মতানুসারে সূত্রোক্ত ‘অপ্রতিপত্তি’ শব্দের অর্থ।

ভাষ্যকারের মতে — ‘নিগূহ’ শব্দের অর্থ হল পরাজয়। বিচারস্থলে নিগূহের হেতু বা কারণ অথবা পরাজয়ের হেতুই হল নিগূহস্থান। সুতরাং, বিচারস্থলেই এই নিগূহস্থান প্রাসঙ্গিক হয়। কথা হল বিচারবিশেষ। ভাষ্যকারের মতে - কথা হল ত্রিবিধ। যথা - ‘বাদ’, ‘জল্প’ এবং ‘বিতণ্ডা’।^২ সুতরাং দেখা যাচ্ছে যে, ‘বাদ’, ‘জল্প’ এবং ‘বিতণ্ডা’ এই ত্রিবিধ কথাগুলোই নিগূহস্থানের প্রাসঙ্গিকতা বর্তমান। ভাষ্যকার নিগূহস্থানের লক্ষণ আলোচনা প্রসঙ্গে বলেছেন - বাদী বা প্রতিবাদীর পরাজয় যাতে বাস করে অর্থাৎ যা পরাজয়ের বাস্তব স্থান বা কারণ, তাই নিগূহস্থান। সুতরাং, পরাজয়লাভই নিগূহস্থান নয়। নিগূহস্থানের চরম ফল হল পরাজয় লাভ, এটিই ভাষ্যকারের বক্তব্যের তাৎপর্য।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে - বিচারস্থলে পরাজয় বা নিগূহের কারণই নিগূহস্থান, ‘জল্প’ এবং ‘বিতণ্ডা’ স্থলেই কেবলমাত্র ‘নিগূহস্থান’ এর উক্তরূপ ব্যাখ্যা সম্ভবপর। কারণ, ত্রিবিধ কথার মধ্যে ‘জল্প’ এবং ‘বিতণ্ডা’ নামক কথায় অংশগৃহণকারী বাদী বা প্রতিবাদীর জয়লাভই হল মুখ্য উদ্দেশ্য, যদিও এক্ষেত্রে অনেক সময় মধ্যস্থগণের তৎপর্ণনির্ঘণ্ড হয়ে থাকে। কিন্তু ‘বাদ’ রূপ কথায় তত্ত্ব নির্ণয়ই হল একমাত্র উদ্দেশ্য। সুতরাং, স্বাভাবিকভাবেই প্রশ্ন উত্থাপিত হয় যে — জিগীষাশূন্য শিষ্য ও গুরুর কেবলমাত্র তত্ত্ব নির্ণয়ের উদ্দেশ্যে যে “বাদ” নামক কথা, তাতে বাদী ও প্রতিবাদী কারোরই অহঙ্কার না থাকায়, এক্ষেত্রে অহঙ্কার খণ্ডনরূপ পরাজয় বা নিগূহ কিরূপে সম্ভবপর? উক্ত প্রশ্নের উত্তর প্রদান করে উদ্যোতকরই স্বয়ং বলেছেন যে- ‘বাদ’ রূপ কথাতে শিষ্য বা আচার্যের বিবক্ষিত অর্থের অপ্রতিপাদকত্ব অর্থাৎ বিবক্ষিত বিষয় প্রতিপাদন করার অক্ষমতাই হল নিগূহ।^৩

বার্তিককার উদ্যোতকরও সামান্যতঃ নিগূহস্থানের স্বরূপ প্রকাশ করে বলেছেন যে — নিগূহস্থানগুলি বাদী বা প্রতিবাদীর পরাজয়ের বাস্তব স্থান বা কারণ এবং বাস্তব অপরাধের নির্ণায়ক।^৪

ভাষ্যকার বাৎস্যায়নের মতে — এই নিগূহস্থানগুলির অধিকাংশই, যেমন — “প্রতিজ্ঞাহানি” প্রভৃতি নিগূহস্থান প্রতিজ্ঞাদি কোন অবয়বকে অবলম্বন করে হয়ে থাকে।^৫

অপরপক্ষে, উদ্দ্যোতকর বলেছেন যে— নিগূহস্থানগুলি প্রায়শই অবলম্বন করে বাক্য এবং যুক্তিগুলিকে একথা সত্য। কিন্তু কর্তা বা বক্তার অজ্ঞান বা ভ্রমজ্ঞানের জনাই প্রতিজ্ঞাদি অবয়ব অনুপন্ন হয়ে থাকে। সুতরাং, বিপ্রতিপত্তি এবং অপ্রতিপত্তি জন্য যে নিগূহস্থান হয়, তা প্রতিজ্ঞাদি অবয়বের দোষ এই প্রশঙ্গ উত্থাপিত হওয়ার কোন প্রশ্ন ওঠে না। কারণ, ক্রিয়া বা কর্মদ্বারেই হোক অথবা বচন বা করণদ্বারেই হোক তা কর্তা বা বক্তার দোষ হয়। অভ্যর্থন, তারজন্য বিচারকর্তা বাদী বা প্রতিবাদী পুরুষই নিগূহীত হন।^১

ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম বাদী বা প্রতিবাদীর অপ্রতিপত্তি বা অজ্ঞান এবং বিপ্রতিপত্তি বা ভ্রমজ্ঞানের ভিত্তিতে নিগূহস্থানগুলিকে সামান্যতঃ দুই ভাগে বিভক্ত করেছেন। যথা - অপ্রতিপত্তিমূলক নিগূহস্থান এবং বিপ্রতিপত্তিমূলক নিগূহস্থান। কিন্তু অপ্রতিপত্তি এবং বিপ্রতিপত্তিরূপ নিগূহের কারণসমূহ বর্ষবিধ হওয়ায় মহর্ষি তাঁর প্রথমসূত্রের দ্বারা দ্ব্যবিশংগতি প্রকাশ বিশেষ বিশেষ নিগূহস্থানের উল্লেখ করেছেন। অনেকের মতে সূত্রোক্ত “চ” শব্দের দ্বারা আরও অনেক নিগূহস্থান সমৃচ্চয় সূচিত হয়েছে।

ভাষ্যকার বাৎস্যায়ন মহর্ষি গৌতমের মতকেই সমর্থন করেছেন। বার্তিককারের মতেও — সামান্যতঃ নিগূহস্থান দ্বিবিধ হলেও তাদের ভেদবিবক্ষা করলে দ্ব্যবিশংগতি প্রকার নিগূহস্থান সম্ভবপর।^১ কিন্তু এর অর্থ এই নয় যে — এই নিগূহস্থান হল বাইশটি। বস্তুতঃপক্ষে মহর্ষি গৌতম উদাহরণরূপ এই বাইশটি নিগূহস্থানের কথা উল্লেখ করেছেন মাত্র। বাস্তবে এই নিগূহস্থান হল অসংখ্য।

মহর্ষির উক্ত বাইশটি নিগূহস্থান হল যথাক্রমে — প্রতিজ্ঞাহানি, প্রতিজ্ঞাস্তর, প্রতিজ্ঞাবিরোধ, প্রতিজ্ঞাসম্মাস, হেতুস্তর, অর্থাস্তর, নিরর্থক, অবিজ্ঞাতার্থ, অপার্থক, অপ্রাপ্তকাল, নুন, অধিক, পুনরুক্ত, অননুভাষণ, অজ্ঞান, অপ্রতিভা, বিক্ষেপ, মতানুজ্ঞা, পর্যনুযোজ্যোপেক্ষণ, নিরনুযোজ্যানুযোগ, অপসিদ্ধান্ত এবং হেত্বাতাস।^{১০} এখন, “বিক্ষেপ” নামক নিগূহস্থানের স্বরূপ বিষয়ে সূত্রকার, ভাষ্যকার এবং বার্তিককারের মতই হল আলোচ্য।

(খ) “বিক্ষেপ” নামক নিগূহস্থানের স্বরূপ বিষয়ে সূত্রকার এবং ভাষ্যকারের মত

“বিক্ষেপ” নামক নিগূহস্থানটিকে অপ্রতিপত্তিমূলক নিগূহস্থানরূপে অভিহিত করা হয়েছে। কারণ, ভাষ্যকারের মতে — এই নিগূহস্থানটি বাদী বা প্রতিবাদীর নিজ কর্তব্যের অকরণের অনুমাপক হয় এবং তদভিন্ন মতানুসারে এটি বাদী বা প্রতিবাদীর প্রকৃত বিষয়ে অজ্ঞানের অনুমাপক।

এখন প্রশ্ন হলঃ এই “বিক্ষেপ” নামক নিগূহস্থানের ক্ষেত্রে বাদী বা প্রতিবাদীর কর্তব্যের অকরণের বিষয় বা অজ্ঞানের বিষয়টি কি? এই প্রশ্নের উত্তর লাভ করার জন্য প্রথমে “বিক্ষেপ” নামক নিগূহস্থানের স্বরূপ এবং উক্ত (নিগূহস্থানটি কখন হয়, তা জানা প্রয়োজন।

ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম তাঁর ন্যায়দর্শনসূত্রে “বিক্ষেপ” নামক নিগূহস্থানের লক্ষণ প্রদান করে

বলেছেন — “কার্যব্যাসঙ্গাৎ কথা-বিচ্ছেদো বিক্ষেপঃ” ॥১৯ ॥৫২৩ ॥ অর্থাৎ, কার্যব্যাসঙ্গ উদ্ভাবন করে বা কোন মিথ্যা কার্যের উল্লেখ করে কথার ভঙ্গ “বিক্ষেপ” নামক নিগ্রহস্থান।”

ভাষ্যকার বাৎস্যায়ন মহর্ষির সূত্রার্থ ব্যাখ্যা করে বলেছেন যে — যে স্থলে বাদী বা প্রতিবাদী ‘এটি আমার কর্তব্য আছে, তা সমাপ্ত হলে পরে বলব’ এরূপে কার্যব্যাসঙ্গ উদ্ভাবন করে বা মিথ্যা কর্তব্যের উল্লেখ করে কথার ব্যবচ্ছেদ ঘটান, সেইস্থলে ঐ বাদী বা প্রতিবাদীর “বিক্ষেপ” নামক নিগ্রহস্থান হয়।”^২ অর্থাৎ, তখন কিছু বলে, পরে আবার বিচার করব একথা বলে, নিজেই সেই আরক্ক বিচারে নিজের নিগ্রহ স্বীকার করায় এটি অবশ্যই তাঁর নিগ্রহের কারণ বা হেতুরূপ বিবেচিত হবে এবং এক্ষেত্রে ঐ বাদী বা প্রতিবাদী অবশ্যই “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানের দ্বারা নিগ্রহীত হবেন।

সুতরাং, ভাষ্যকারের ব্যাখ্যার দ্বারা বোঝা যায় যে — কথারঞ্জের পরে জিগীষু বাদী বা প্রতিবাদী তাঁর নিজ কর্তব্য সম্পাদনে অসামর্থ্যবশতঃ এবং তাঁর প্রতিবাদীর বিদ্যামত্তা এবং দৃঢ়তা বুঝে অর্থাৎ ঐ বিচারসভায় তাঁর পরাজয় সজাবনা করে উক্তস্থলে যদি মিথ্যাকার্যের উদ্ভাবনপূর্বক সেই আরক্ক কথার বিচ্ছেদ ঘটান, তবে উক্তস্থলে তাঁর “বিক্ষেপ” নামক নিগ্রহস্থান হয়। সুতরাং, কথার আরম্ভ না হলে তার বিচ্ছেদ বলা যায় না। বস্তুতঃ মহর্ষিও উক্তরূপ কথার বিচ্ছেদকেই “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানরূপে অভিহিত করেছেন।

এখন দেখা যাক, বাদী বা প্রতিবাদীর স্বপক্ষস্থাপন, পরমত উপলক্ষি, পরপক্ষ খণ্ডন বা অপরের উত্থাপিত আপত্তি খণ্ডনকালে কার্যব্যাসঙ্গের উদ্ভাবনপূর্বক পূর্বস্বীকৃত কথার ব্যবচ্ছেদ ঘটানোর পশ্চাতে কি কি কারণ বর্তমান ?

(১) এমন হতে পারে যে — বাদী বা প্রতিবাদীর স্বপক্ষস্থাপন, পরমত উপলক্ষি, পরমতখণ্ডন বা অপরের উত্থাপিত আপত্তি খণ্ডনরূপ কর্তব্যকালে শারীরিক কোন অসুস্থতার উদয় ঘটল এবং নিজ অসুস্থতার কতা প্রকাশ না করার জন্য তিনি মিথ্যা কার্যের উল্লেখ করে সভা থেকে পশ্চাদপসারণ করলেন।

(২) এমনও হতে পারে যে — সভার লোকের অতিরিক্ত কথার ফলে বীতশ্রদ্ধ হওয়ায় অথবা লজ্জা বা কুণ্ঠাবশতঃ বাদী বা প্রতিবাদী স্বপক্ষস্থাপন অথবা পরমত উপলক্ষি বা পরপক্ষ খণ্ডন অথবা অপরের উত্থাপিত আপত্তি খণ্ডনরূপ নিজ কর্তব্য সম্পাদন করেননি এবং মিথ্যা কার্যের উল্লেখপূর্বক সভা ত্যাগ করেছেন।

(৩) এমনও সম্ভব যে — বাদী বা প্রতিবাদী স্বপক্ষস্থাপন, পরমত উপলক্ষি, পরপক্ষখণ্ডন বা অপরের উত্থাপিত আপত্তি খণ্ডনে নিজ অসামর্থ্য প্রচ্ছাদনের জন্যই মিথ্যাকার্যের উল্লেখপূর্বক আরক্ক কথার ভঙ্গ করেছেন।

এখন প্রশ্ন হল : এই ত্রিবিধ কারণের জন্য যে বিক্ষেপ তাদের প্রত্যেকটিই কি “বিক্ষেপ”

নামক নিগূহস্থানের ক্ষেত্ররূপে গৃহীত হবে? এই প্রশ্নের উত্তরলাভের জন্য প্রতিটি ক্ষেত্রে বিচার করে দেখা যাক।

প্রথমক্ষেত্র : এটিকে ‘বিক্ষেপ’ নামক নিগূহস্থানের ক্ষেত্ররূপে গ্রহণ করা যায় না। কারণ, বাদী বা প্রতিবাদী যেখানে শারীরিক অসুস্থতার কারণে সভা ত্যাগ করছেন, সেক্ষেত্রে তিনি তাঁর শারীরিক অসুস্থতা সম্পর্কে ব্যাখ্যা প্রদান করতে অনিচ্ছুক হলেও, তিনি যে শারীরিকভাবে অসুস্থতা বোধ করছেন একথা প্রকাশ না করে মিথ্যা কার্যের উল্লেখপূর্বক সভা ত্যাগ করার তাঁর কোন যৌক্তিকতাই নেই। কারণ, অসুস্থতাবোধ প্রকাশ করলেও তাঁকে বিচারস্থলে কর্তব্য সম্পাদনে বাধ্য করা হবে — এমন নয়। সুতরাং, কোনও বাদী বা প্রতিবাদী যদি নিজ অসুস্থতাকে লুক্কায়িত করার জন্য মিথ্যাকার্যের উল্লেখপূর্বক সভা পরিত্যাগ করেন, তবে তিনি কথায় অংশগ্রহণকারী পুরুষ হওয়ার যোগ্যই হতে পারেন না।

দ্বিতীয়ক্ষেত্র : এটিও ‘বিক্ষেপ’ নামক নিগূহস্থানের স্থল নয়। কারণ, সভার লোকের কথার জন্য অথবা লজ্জা বা কুঠাবশতঃ বিচারে অংশগ্রহণকারী বাদী বা প্রতিবাদী কখনো স্বক্ষস্থাপন, পরমত উপলব্ধি, পরপক্ষখণ্ডন বা অপরের উত্থাপিত আপত্তি খণ্ডনে বিরত থাকতে পারেন না এবং এরূপ হলে তাঁকে কথায় অংশগ্রহণে অযোগ্য পুরুষই বলতে হয়।

তৃতীয়ক্ষেত্র : এটি ‘বিক্ষেপ’ নামক নিগূহস্থানের ক্ষেত্ররূপে গৃহীত হবে। কারণ, এক্ষেত্রে বাদী বা প্রতিবাদী হয় (১) স্বপক্ষস্থাপন অথবা (২) পরমত উপলব্ধি অথবা (৩) পরপক্ষ খণ্ডন অথবা (৪) অপরের উত্থাপিত আপত্তি খণ্ডনে অজ্ঞানতাবশতঃ মিথ্যা কার্যের উল্লেখ করে কথার ব্যবচ্ছেদ ঘটিয়েছেন। প্রথমক্ষেত্রে এটিকে স্বপক্ষস্থাপন বিষয়ে অপ্রতিপত্তিমূলক নিগূহস্থান, দ্বিতীয়ক্ষেত্রে এটিকে পরমত উপলব্ধি বিষয়ে অপ্রতিপত্তিমূলক নিগূহস্থান, তৃতীয়ক্ষেত্রে এটিকে পরমত খণ্ডন বিষয়ে অপ্রতিপত্তিমূলক নিগূহস্থান এবং চতুর্থক্ষেত্রে এটিকে অপরের উত্থাপিত আপত্তি খণ্ডন বিষয়ে অপ্রতিপত্তিমূলক নিগূহস্থানরূপে অভিহিত করা যায়। না। এই কারণে ‘বিক্ষেপ’ নামক নিগূহস্থানটিকে সাধারণভাবে যেকোন বিষয়ে অপ্রতিপত্তিমূলক নিগূহস্থানরূপে অভিহিত করা যায়।

(গ) বার্তিককারের মতানুসারে “বিক্ষেপ” নামক নিগূহস্থানের স্বরূপ এবং তাঁর মতের স্বাতন্ত্র্য

“বিক্ষেপ” নামক অপ্রতিপত্তিমূলক নিগূহস্থানের স্বরূপ সম্পর্কে বার্তিককার উদ্যোতকর বলেন যে — যে স্থলে বিচারে অংশগ্রহণকারী বাদী বা প্রতিবাদী তাঁর করণীয় কর্তব্য সম্পাদনের সময় এলে কার্যব্যাসঙ্গ উদ্ভাবন করে অর্থাৎ মিথ্যাকার্যের উল্লেখ করে পূর্বস্বীকৃত কথার বিচ্ছিন্নতা ঘটান, সেস্থলে তাঁর ‘বিক্ষেপ’ নামক নিগূহস্থান হয়।^{১৪} এই ‘বিক্ষেপ’ নামক নিগূহস্থানের উদাহরণ প্রদর্শন করে উদ্যোতকর বলেন যে — “রসালো খাদ্য ভোজন করেছে, আমার কণ্ঠ রুদ্ধ হয়ে আসছে” অর্থাৎ, ‘এখন বলতে পারব

না' ইত্যাদি।^{১৬} স্বাভাবিকভাবেই প্রশ্ন উত্থাপিত হয় যে— এক্ষেত্রে বাদী বা প্রতিবাদী কেন ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানের দ্বারা নিগ্রহীত হবেন?

উদ্যোতকর স্বয়ং এই প্রশ্নের উত্থাপন করে উত্তরস্বরূপ বলেন যে — ‘অজ্ঞান’ নামক নিগ্রহস্থানের দ্বারা নিগ্রহীত হওয়ার আশঙ্কায় বাদী বা প্রতিবাদী নিজ অসামর্থ্য বা অজ্ঞান প্রচ্ছাদন করার জন্যই মিথ্যাকার্যের উল্লেখপূর্বক কথার ভঙ্গ করেন এবং সভা থেকে পশ্চাদপসারণ করেন। ফলস্বরূপ, ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানের দ্বারা তিনি নিগ্রহীত হন।^{১৭}

‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানটি সম্পর্কে পূর্বেক্ত আলোচনার ভিত্তিতে বলা যায় যে— ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানের স্বরূপ সম্পর্কে সূত্রকার এবং ভাষ্যকারের সঙ্গে বাস্তবিকতার মতের যেমন সাদৃশ্য পরিলক্ষিত হয়, তেমনি বহুলাংশে বৈসাদৃশ্যও প্রকট হয়ে ওঠে।

প্রথমত: বাদী বা প্রতিবাদী যদি কার্যব্যাসঙ্গ বা মিথ্যাকার্যের উদ্ভাবনপূর্বক আরদ্ধ কথার ব্যবচ্ছেদ ঘটান এবং সভা থেকে পশ্চাদপসারণ করেন তবে সেক্ষেত্রে তাঁর ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থান হয় - এ বিষয়ে সূত্রকার এবং ভাষ্যকারের সঙ্গে বাস্তবিকতার একমত। কিন্তু ভাষ্যকারের মতে — ‘বিক্ষেপ’ স্থলে বাদী বা প্রতিবাদী কেবলমাত্র কার্যব্যাসঙ্গ বা মিথ্যাকার্যের উল্লেখ করে কথার ভঙ্গ করেন। কিন্তু বাস্তবিকতার মতে— বাদী বা প্রতিবাদী কেবলমাত্র মিথ্যাকার্যের উল্লেখপূর্বক নয়, যে কোন প্রকার মিথ্যাকথার উল্লেখপূর্বক যদি পূর্বস্বীকৃত কথার ব্যবচ্ছেদ ঘটান বা আরদ্ধ কথার ভঙ্গ করেন, তবে সেক্ষেত্রে তাঁর ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থান হয়।

সুতরাং, উদ্যোতকর প্রভৃতি নৈয়ায়িকগণের মতে কোন কার্যব্যাসঙ্গের ন্যায় ‘প্রতিশ্যায় পীড়াবশতঃ আমার কণ্ঠ রুদ্ধ হচ্ছে, আমি কিছুই বলতে পারছি না’ ইত্যাদিরূপে কোন মিথ্যা কথা বলে বাদী বা প্রতিবাদী আরদ্ধ কথার ভঙ্গ করলেও উক্তস্থলে তাঁর ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থান হয়। কিন্তু প্রসঙ্গত উল্লেখযোগ্য যে উক্তস্থলে ঐ বাদী বা প্রতিবাদীর ঐরূপ কথা যদি যথার্থ হয় অথবা উৎকট শিরঃপীড়ারূপে প্রতিবন্ধকতাবশতঃ ঐ বাদী বা প্রতিবাদী যদি আরদ্ধ কথার ব্যবচ্ছেদ ঘটান, তবে সেক্ষেত্রে তাঁর কোন দোষ না থাকায় তিনি ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানের দ্বারা নিগ্রহীত হবেন না।

দ্বিতীয়ত: বাদী বা প্রতিবাদী কেন ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানের দ্বারা নিগ্রহীত হবেন সেই প্রসঙ্গে ভাষ্যকার বলেছেন যে— বিচারে অংশগ্রহণকারী বাদী বা প্রতিবাদী নিজ কর্তব্য সম্পাদনকালে যদি মিথ্যাকার্যের উল্লেখপূর্বক আরদ্ধ কথার ভঙ্গ করেন, তবে উক্তস্থলে ঐ বাদী বা প্রতিবাদী ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানের দ্বারা নিগ্রহীত হন। অপরপক্ষে, উদ্যোতকর এই ‘বিক্ষেপ’ নামক নিগ্রহস্থানের কারণটিকে স্পষ্টরূপে নির্দেশ করে বলেছেন যে— বাদী বা প্রতিবাদী নিজ অসামর্থ্য বা অজ্ঞান প্রচ্ছাদনের জন্যই মিথ্যাকার্য বা মিথ্যাকথার উল্লেখপূর্বক পূর্বস্বীকৃত কথা ব্যবচ্ছেদ ঘটান। সুতরাং, বাদী বা প্রতিবাদীর অজ্ঞানই

এক্ষেত্রে “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানের কারণ।

সুতরাং দেখা যাচ্ছে যে— “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানটির কারণ নির্দেশাংশে স্পষ্ট হয়ে রয়েছে বার্তিককার উদ্ঘোষকরের মতের স্বাতন্ত্র্য এবং অভিনবত্ব।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে— বৌদ্ধ দার্শনিক এবং তর্কিক ধর্মকীর্তি “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানটিকে স্বাতন্ত্র্য প্রদান করতে সম্মত হন নি। তাঁর মতানুসারে “বিক্ষেপ” রূপ নিগ্রহস্থানটিকে ন্যায়স্বীকৃত অপরাপর নিগ্রহস্থান সমূহের অন্তর্গত করা সম্ভব। “বিক্ষেপ” নামক একটি স্বতন্ত্র নিগ্রহস্থান স্বীকারের বিরুদ্ধে আপত্তি উত্থাপন করে ধর্মকীর্তি বলেন যে— “বিক্ষেপ” স্থলে কোনও বাদী বা প্রতিবাদী স্বপক্ষস্থাপনকালে যদি মিথাকার্যের উদ্ভাবনপূর্বক কথার ভঙ্গ করেন, তবে উক্তস্থলে ঐ বাদী বা প্রতিবাদী প্রকৃত বিষয়ের অনুপযোগী বাক্য প্রয়োগ করায় তাঁর “অর্থান্তর” নামক নিগ্রহস্থান হয় অথবা এটি একটি অযথাধ হেতু প্রয়োগের ক্ষেত্র হওয়ায় “হেত্বাতাস” নামক নিগ্রহস্থানের অন্তর্ভুক্ত হবে।^{১৭}

অপরপক্ষে, বিচারস্থলে কোনও প্রতিবাদী পরমত খণ্ডনকালে পরমত খণ্ডনরূপ উত্তর বিষয়ে তাঁর অজ্ঞান বা অপ্রতিপত্তিবশতঃ যদি কার্যব্যাসঙ্গের উদ্ভাবনপূর্বক কথার ব্যবচ্ছেদ ঘটান, তবে উক্ত ক্ষেত্রে ঐ প্রতিবাদীর ঐরূপ বিক্ষেপের ফলে তাঁর “অপ্রতিভা” অথবা “অর্থান্তর” নামক নিগ্রহস্থান হয়।^{১৮}

সুতরাং, ধর্মকীর্তির মতানুসারে “বিক্ষেপ” নামক একটি স্বতন্ত্র নিগ্রহস্থান স্বীকার করা অনাবশ্যিক।

কিন্তু প্রাচীন নৈয়ায়িকগণের দৃষ্টিভঙ্গি অনুসরণ করে উক্ত আপত্তিসমূহের উত্তর প্রদান করা সম্ভবপর। ভাষ্যকার বাৎস্যায়নের মতানুসারেণে বলা যায় যে— “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানটি “অর্থান্তর” থেকে ভিন্ন। কারণ, “অর্থান্তর” স্থলে প্রকৃত বিষয় সাধনের অভিপ্রায় রেখেই বাদী বা প্রতিবাদী প্রকৃত বিষয়ের অনুপযোগী বাক্য প্রয়োগ করেন। কিন্তু “অর্থান্তর” স্থলে “বিক্ষেপ” এর ন্যায় কেউ কথা ভঙ্গ করেন না। আবার, এটি “হেত্বাতাস” এর লক্ষণাক্রান্তও হয় না। কারণ, বাচস্পতি মিশ্রের মতে— কথা বিচ্ছেদরূপ “বিক্ষেপ” স্থলে হেতুরূপে প্রযুক্ত হওয়ার কোন প্রশ্ন ওঠে না। আবার বাদী বা প্রতিবাদী নির্দেশ হেতু প্রয়োগ করলেও, তার সমর্থনে অক্ষম হয়ে যদি সভা থেকে পশ্চাদপসারণ করেন তবে তিনি কোন হেত্বাতাস প্রয়োগ না করলেও নিগৃহীত হন।^{১৯} অপরপক্ষে, বার্তিককারের মতে— “অপ্রতিভা” নামক নিগ্রহস্থানের স্থলে পরমত খণ্ডনকালে প্রতিবাদী বাদীর প্রতি অবজ্ঞা প্রকাশ করে রাজবর্তী অবতরণ, শ্লোকপাঠ ইত্যাদি করেন। ফলস্বরূপ, উত্তরকালে ঐ প্রতিবাদীর উত্তরের কোন স্মৃতি না হওয়ায় তিনি “অপ্রতিভা” নামক নিগ্রহস্থানের দ্বারা নিগৃহীত হন।^{২০} কিন্তু “বিক্ষেপ” স্থলে পরমত খণ্ডনকালে কোনও প্রতিবাদীই বাদীর প্রতি অবজ্ঞা প্রকাশ করে রাজবর্তী অবতরণ, শ্লোকপাঠ ইত্যাদি করেন না। সুতরাং, “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানটি “অপ্রতিভা” থেকেও ভিন্ন। অতএব, “বিক্ষেপ” নামক একটি পৃথক নিগ্রহস্থান অবশ্যস্বীকার্য।

প্রাচীন ন্যায়ের ইতিহাসে “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানের স্বরূপের ক্রমবিবর্তনের পূর্বোক্ত আলোচনার মাধ্যমে এটি পরিস্ফুট হয় যে— উক্ত অপ্রতিপত্তিমূলক নিগ্রহস্থানের স্বরূপ বিষয়ে ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম এবং ভাষ্যকার বাৎস্যায়নের সঙ্গে বার্তিককার উদ্দ্যোতকরের ব্যাখ্যার যেমন সাদৃশ্য পরিলক্ষিত হয়, সেরূপ কোনও কোনও স্থলে বৈসাদৃশ্যও প্রকট হয়ে ওঠে। বার্তিকে, সূত্র এবং ভাষ্য অপেক্ষা বিস্তারিত ব্যাখ্যা পরিলক্ষিত হয়। অতএব, বার্তিকের ব্যাখ্যার পরিসর অনেকখানি বেশী।

“বিক্ষেপ” এর স্বরূপ আলোচনা প্রসঙ্গে বার্তিককার ভাষ্যকারের উক্ত বিষয়ের যেরূপ ব্যাখ্যা করেছেন, সেরূপ ভাষ্যে উক্ত হয় নি। এমনি কিছু বিষয়েরও সংযোজন করেছেন। যেমন— “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানের ক্ষেত্রে উদ্দ্যোতকর নিগ্রহের প্রকৃত কারণ বা প্রকৃত দূষকতাবীজ নিরূপণ করেছেন। আবার, বিক্ষেপের ক্ষেত্রে তিনি ভাষ্যে উল্লিখিত দৃষ্টান্তকে বর্জন করে অপর একটি দৃষ্টান্ত প্রদর্শন করেছেন। অর্থাৎ বহুস্থলে তিনি স্বাধীনভাবে নিজস্ব মতও পোষণ করেছেন। বিভিন্ন স্থলে ভাষ্যকারের ব্যাখ্যা যে বার্তিককার কর্তৃক পরিত্যক্ত হয়েছে ধর্মকীর্তির “বাদন্যায়” নামক গ্রন্থে তার উল্লেখ রয়েছে।^{২১} বৌদ্ধ সমালোচনার উত্তর প্রদান করতে গিয়ে বার্তিককার উদ্দ্যোতকর, সূত্রকার মহর্ষি গৌতম এবং ভাষ্যকার বাৎস্যায়নের মতকে পরিবর্তিত এবং পরিবর্ধিত করেছেন। তিনি তাঁর বাদন্যায় উদ্দ্যোতকরের নিগ্রহস্থান বিষয়ক মতবাদের মধ্যে যে সকল পরিবর্তন এবং সংযোজন পরিলক্ষিত হয়েছে তার উপর গুরুত্ব আরোপ করেছেন।^{২২} বাচস্পতি মিশ্রও ভাষ্য এবং বার্তিকের ব্যাখ্যার মধ্যে যে প্রভেদ বর্তমান তা গোপন করেননি।

প্রাচীন ন্যায়ের ইতিহাসে “বিক্ষেপ” নামক নিগ্রহস্থানের স্বরূপের ক্রমবিবর্তন সম্পর্কীয় আলোচনার পরিশেষে উপনীত হয়ে একথা নির্দিষ্ট বলা যায় যে— “বিক্ষেপ” এর স্বরূপ বিষয়ক এই ক্রমবিবর্তন প্রাচীন ন্যায়ের ঐতিহ্যের মধ্যে থেকেও যেরূপ উদ্দ্যোতকরের মতের স্বাতন্ত্র্য এবং অভিনবত্বের পরিচায়ক, সেরূপ পরবর্তী নৈয়ায়িকগণের মতের মধ্য দিয়ে কালক্রমে প্রবাহিত ক্রমবিবর্তনের ধারাও ইঙ্গিত বহনকারী।

নিদেশিকা

- ১। “প্রমাণ-প্রমেয়-সংশয়-প্রয়োজন-দৃষ্টান্ত-সিদ্ধান্তাবয়ব-তর্ক-নির্ণয়-বাদ-জল্প-বিতণ্ডা-হেতুভাসচ্ছল-জাতি-নিগ্রহস্থানানাং তত্ত্বজ্ঞানান্নিঃশ্রেয়সাধিগমঃ।— *ন্যায়দর্শন*, অ.১, আ.২, গৌতম, সন-১৯৮১, পৃঃ-১৮।
- ২। “বিপ্রতিপত্তিরপ্রতিপত্তিচ্চ নিগ্রহস্থানম্।” ১১৯।১৬০।।—
ক) *ন্যায়দর্শন*, অ.১, আ.২, গৌতম, সন-১৯৬৭, পৃঃ-৬৮৩।
খ) ফণিভূষণ তর্কবাগীশ—*ন্যায়দর্শন*, অ.১, আ.২, গৌতম, সন-১৯৮১, পৃঃ-৪৬৭।
- ৩। “বিপরীতা বা কুৎসিতা বা প্রতিপত্তির্বিপ্রতিপত্তিঃ।”—
ক) বাৎস্যায়ন ভাষ্য, অ.১, আ.২, সূত্র - ১৯, *ন্যায়দর্শন*, সন - ১৯৬৭, পৃঃ - ৬৮৩।
খ) ফণিভূষণ তর্কবাগীশ - বাৎস্যায়ন ভাষ্য, অ.১, আ. ২, সূঃ - ১৯, *ন্যায়দর্শন*, সন - ১৯৮১, পৃঃ- ৪৬৭।
- ৪। “ত্রিঃ কথা ভবন্তি বাদো জল্পো বিতণ্ডা চেতি ...।”—
ক) বাৎস্যায়ন ভাষ্য, অ.১, আ.২, সূত্র - ১, এর উপর ভূমিকা ভাষ্য, *ন্যায়দর্শন*, সন - ১৯৬৭, পৃঃ - ৫৯৮।
খ) ফণিভূষণ তর্কবাগীশ - বাৎস্যায়ন ভাষ্য, অ.১, আ. ২, সূঃ - ১ এর উপর ভূমিকা ভাষ্য, *ন্যায়দর্শন*, সন - ১৯৮১, পৃঃ- ৩৬৭।
- ৫। “কঃ পুনঃ শিষ্যাচার্যয়োনিগ্রহঃ ? বিবক্ষিতার্থাপ্রতিপাদকত্বম্।”— উদ্ভোতকর - ন্যায়বাস্তিক - *ন্যায়দর্শন*, অ. ১, আ. ২, সূঃ - ১, গৌতম, সন-১৯৬৭, পৃঃ - ২০।
- ৬। “...নিগ্রহস্থানানি তু পরাজয়বস্ত্বনি অপরাধাধিকরণানি।”— উদ্ভোতকর - ন্যায়বাস্তিক - *ন্যায়দর্শন*, অ.৫, আ. ২, সূঃ - ১ এর ভূমিকা ভাষ্যের উপর বাস্তিক, গৌতম, সন - ১৯৮৫, পৃঃ - ১১৬০।
- ৭। “নিগ্রহস্থানানি খলু পরাজয়বস্ত্বন্যপরাধাধিকরণানি প্রায়েণ প্রতিজ্ঞাদ্যবয়বশ্রয়াণি ...।”—
ক) বাৎস্যায়ন ভাষ্য, অ.৫, আ.২, সূঃ - ১ এর উপর ভূমিকা ভাষ্য, *ন্যায়দর্শন*, সন - ১৯৮৫, পৃঃ- ১১৬০।
খ) ফণিভূষণ তর্কবাগীশ - বাৎস্যায়ন ভাষ্য, অ.৫, আ.২, সূঃ-১ এর উপর ভূমিকা ভাষ্য, *ন্যায়দর্শন*, সন - ১৯৮৯, পৃঃ - ৪৮৮।
- ৮। “ক্রিয়াদ্বারেন কৰ্তা দৃশ্যতে বচনদ্বারেন বক্তেতি ন প্রতিজ্ঞাদ্যাশ্রয়ত্বমনুপপন্নম্।”— উদ্ভোতকর - ন্যায়বাস্তিক - *ন্যায়দর্শন*, অ.৫, আ. ২, সূঃ- ১ এর ভূমিকা ভাষ্যের উপর বাস্তিক, গৌতম, সন -

১৯৮৫, পৃঃ-১১৬২।

- ৯। “...সামান্যতমিকৃত্য নিগ্রহস্থানে দ্বৈ, ভেদবিস্তরবিবক্ষায়াং তু দ্বাবিংশতিধা ভেদঃ।” - উদ্যোতকর -
ন্যায়বার্তিক - *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, সূঃ- ১ এর ভূমিকা ভাষ্যের উপর বার্তিক, গৌতম, সন-
১৯৮৫, পৃঃ- ১১৬১।
- ১০। “প্রতিজ্ঞাহানিঃ, প্রতিজ্ঞাত্তরং, প্রতিজ্ঞাবিরোধঃ, প্রতিজ্ঞাসন্ন্যাসো, হেতুস্তরমর্থাত্তরং,
নিরর্থকমবিজ্ঞাতার্থম পার্থকম প্রাপ্তকালং, ন্যূনমধিকং, পুনরুক্তমননুভাষণমজ্ঞানমপ্রতিভা, বিক্ষেপো,
মতানুজ্ঞা, পর্যায়ন্যায়োপেক্ষণং, নিরন্যায়োজ্যান্যায়োগোহপসিদ্ধান্তো হেত্বাভাসাশ্চ নিগ্রহস্থানানি।” ॥
১ ॥ ৫০৫ ॥ -
- ক) *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, গৌতম, সন - ১৯৮৫, পৃঃ- ১১৬২।
- খ) ফণিভূষণ তর্কবাগীশ - *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, গৌতম, সন - ১৯৮৯, পৃঃ - ৪৯১-৪৯২।
- ১১। “কার্যব্যাসঙ্গাৎ কথা - বিচ্ছেদো বিক্ষেপঃ” ॥ ১৯ ॥ ৫২৩ ॥ - *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, গৌতম,
সন - ১৯৮৫, পৃঃ - ১১৯২।
- ১২। “যত্র কর্তব্যং ব্যাসজ্য কথাং ব্যবচ্ছিন্তি, - ইদং মে করনীয়ং বিদ্যতে, তস্মিন্নবসিতে পশ্চাৎ কথ্যামীতি
বিক্ষেপো নাম নিগ্রহস্থানং।” - বাৎস্যায়নভাষ্য, অ. ৫, আ. ২, সূঃ- ১৯, *ন্যায়দর্শন*, সন- ১৯৮৫, পৃঃ-
১১৯২।
- ১৩। “একনিগ্রহবসানায়াং কথ্যাং স্বয়মেব কথান্তরং প্রতিপদ্যতে ইতি।” - বাৎস্যায়নভাষ্য, অ. ৫, আ. ২,
সূঃ - ১৯, *ন্যায়দর্শন*, সন - ১৯৮৫, পৃঃ - ১১৯২।
- ১৪। “যত্র কর্তব্যং কার্য ব্যাসজ্য কথাং বিচ্ছিন্তি স বিক্ষেপো বিজ্ঞেয়ঃ।” - উদ্যোতকর - ন্যায়বার্তিক -
ন্যায়দর্শন, অ. ৫, আ. ২, সূঃ - ১৯, গৌতম, সন - ১৯৮৫, পৃঃ - ১১৯২।
- ১৫। “যথা রসালয়া ময়া ভুক্তং প্রতিশয়াকণো মে কঠং ক্ষিপ্তোতীত্যেবমাদি” - উদ্যোতকর - ন্যায়বার্তিক
- *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, সূঃ - ১৯, সন- ১৯৮৫, পৃঃ - ১১৯২।
- ১৬। “তত্ কথং নিগ্রহস্থানম্ ? অজ্ঞাননিগহনার্থ তু প্রত্যুক্তমজ্ঞানমেব পরিহারেণাবিক্করোতি।” -
উদ্যোতকর - ন্যায়বার্তিক - *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, সূঃ - ১৯, সন- ১৯৮৫, পৃঃ - ১১৯২।
- ১৭। “তথা চেদমর্থান্তরগমনে এবান্তর্ভবেত্; অসমর্থসাধনাভিধানাত্ । হেত্বাভাসেষু বা ...।” - ধর্মকীর্তি -
বাদন্যায়, সন - ১৯৭২, পৃঃ - ১১৮।
- ১৮। “অথোত্তরবাদী এবং বিক্ষিপত্, তস্যাপি সাধনান্তরমুত্তরে প্রতিপত্তব্যে তদপ্রতিপত্ত্যা
বিক্ষেপপ্রতিপত্তিরপ্রতিভায়ামর্থান্তরে বাহস্তর্ভবতি।” - ধর্মকীর্তি - *বাদন্যায়*, সন - ১৯৭২, পৃঃ -
১১৯।

- ১৯। “ন হি বিক্ষেপস্যন্যতমলিঙ্গধর্মানুবিধানং নাপি প্রকৃতসাধ্যসিদ্ধয়ে প্রয়োগো যেন হেত্বাভাসঃ স্যাৎ।
ন চ বাদিনো বিক্ষেপো হেত্বাভাসঃ, অনন্তরং কথামভ্যুপেতৈব হেতুমনভিধায়াপসরণাত্।” বাচস্পতি
মিশ্র - তাৎপর্য টীকা - *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, সূঃ - ১৯, গৌতম, সন - ১৯৮৫, পৃঃ - ১১৯২।
- ২০। “শ্লোকপাঠাদিভিরবজ্ঞাং দর্শয়ন্নোত্তরং প্রতিপদ্যত ইতি, তদপ্রতিভা নাম নিগৃহস্থানং মুঢ়ত্বাদিতি।” -
উদ্ভোক্তকর - *ন্যায়বাস্তিক* - *ন্যায়দর্শন*, অ. ৫, আ. ২, সূঃ - ১৮, গৌতম, সন - ১৯৮৫, পৃঃ - ১১৯১।
- ২১। “তত্র ভাষ্যকারমতং দুষয়িত্বা বাস্তিককারো যং স্থিতিপক্ষমাহ তত্রৈবং ব্রুমঃ...।” - ধর্মকীর্ত্তি - *বাদন্যায়*,
সন - ১৯৭২, পৃঃ - ৭৩।
- ২২। "He pedantically emphasizes all the changes and additions which were
introduced into the original theory by the last author." - সংখ্যা ১১, দি ইণ্ডিয়ান
হিস্টোরিক্যাল কোয়াটারলি, সন - ১৯৩৫, পৃঃ - ৮।

